CONTENTS

Basic Level

ইংরেজি শেখার শুরু

1. Letter or Alphabet **1**

- Vowel & Consonant
- Special vowel

2. Word **2**

- The largest word in English

3. Sentence **2**

- Kinds of Sentences
- Assertive
- Interrogative
- Imperative
- Optative
- Exclamatory

4. Subject & Predicate **5**

- Adverb কি predicate?
- Practice -এ পূর্ণতা

5. Object **7**

- Kinds of objects
- Indirect object
- Direct object
- Retain object

6. Complement **9**

- Subjective complement
- Objective complement
- Noun complement
- Adjective complement
- Object ও Complement এর তুলনা
- Practice-এ পূর্ণতা

7. Gender **11**

- Masculine gender
- Feminine gender

- Common gender
- Neuter gender
- Masculine থেকে Feminine gender
- যেসব প্রানহীন বিষয়-বস্তু Masculine gender
- যেসব প্রানহীন বিষয়-বস্তু Feminine gender
- Practice-এ পূর্ণতা

8. Number & Person **18**

- Number কি?
- Kinds of Numbers
- Noun কে singular থেকে plural করার নিয়ম সমূহ

9. Case **24**

- Case কি?
- Case এর প্রকার
- টেবিলে Case এর ধরনসমূহ
- Case এর আরেকটি ভিন্ন প্রকার
- Practice-এ পূর্ণতা

10. Parts of Speech **28**

- **Noun** **28**
  - Concrete noun
  - Proper noun
  - Common noun
  - Collective noun
  - Material noun
  - Abstract noun
  - Abstract noun যখন Common noun
  - Common noun যখন Abstract noun
  - Countable and Uncountable Noun
  - Noun চেনার কিছু prefix
  - Noun চেনার কিছু suffix
  - Practice-এ পূর্ণতা
- **Pronoun** **41**
  - Personal pronoun
  - Possessive pronoun
  - Reflexive/Emphatic pronoun
  - Interrogative pronoun
  - Relative pronoun

- Reciprocal pronoun
- Distributive pronoun
- Demonstrative pronoun
- Indefinite pronoun
- Personal pronoun এর ৫টি form
- Practice-এ পূর্ণতা

➲ **Adjective** **49**

- Adjective এর position
- Types of adjectives
- Order of adjective
- Adjective চেনার suffix
- Confusion between Adjective & Preposition
- Practice-এ পূর্ণতা

➲ **Verb** **52**

- Finite verb
- Non-finite verb
- Principal / Main verb
- Auxiliary / Helping verb
- Transitive verb
- Intransitive verb
- Primary auxiliaries
- Modal auxiliaries
- Infinitive
- Gerund
- Participle
- Linking verb
- Factitive verb
- Cognate verb
- Quasi-passive verb
- Reflexive verb
- Impersonal verb
- Practice-এ পূর্ণতা

➲ **Adverb** **61**

- Adverb শব্দটির উৎপত্তি
- Types of adverbs
- Order of adverbs

- Position of Adverb
- Relative adverb
- Practice-এ পূর্ণতা

➲ **Preposition** **64**
- Preposition dictionary
- Preposition এর শর্তসমূহ
- Classification of prepositions
- Preposition এর ব্যবহার
- Collocation with Prepositions
- Appropriate prepositions
- Practice-এ পূর্ণতা

➲ **Conjunction** **103**
- Co-ordinate conjunction
- Single co-ordinate
- Pair co-ordinate
- Sub-ordinate conjunction
- Conjunction যখন Preposition
- Preposition যখন Conjunction
- Practice-এ পূর্ণতা

➲ **Interjection** **106**
- Position of Interjection

11. Causative Verbs **107**

➲ Causative verb কি?
➲ Causative verb এর ধরন
➲ Make এর ব্যবহার
➲ Get এর ব্যবহার
➲ Have এর ব্যবহার
➲ Let এর ব্যবহার
➲ Help এর ব্যবহার

12. Group Verbs **112**

13. Determiners **129**

➲ Determiner কি?
➲ Mixed determiners
➲ Uncountable determiners
➲ Countable determiners
➲ Use of A, An, One

- Use of Every, Both, Many, These, Those
- Use of Few, A few, The few, Very few, Fewer, Fewest
- Use of Many, Many of, A number of
- Use of Little, A little, The little, Very little
- Use of Less, Least
- Use of Much, Much of
- Use of A bit, Amount of
- Use of All, Some, Some of
- Use of More, Most, Most of, Rest of, A lot of, Lots of
- Use of None of, No
- Use of Possessive (my, our, your, his, her, their, its)
- Use of A great deal of, A lot of
- Practice-এ পূর্ণতা

14. Article **137**

- Indefinite article
- Definite article
- Origin of article
- Use of Indefinite Article "A" & "An"
- A ও An এর basic rule
- A ও An এর সাধারণ rule সমূহ
- Use of Definite Article "The"
- Omission of Articles
- The Repetition of Articles
- Practice-এ পূর্ণতা

15. Tense **152**

- Tense কাকে বলে?
- Tense এর প্রকার
- ১২ টি Tense এক নজরে
- Present
- Past
- Future
- At a Glance, 12 Tenses with one sentence
- Practice-এ পূর্ণতা

16. Conjugation of Verbs **172**

- Strong verbs কি?
- Weak verbs কি?
- 200 টি গুরুত্বপূর্ণ verb এর তিনটি রূপ
- যে verb গুলোর তিনটি form একই
- বিভ্রান্ত সৃষ্টিকারী Verbs

17. Sequence of Tense 180

- Sequence of Tense কি?
- Sequence of Tense এর প্রধান দুইটি rule
- Sequence of Tense এর ব্যতিক্রমধর্মী ব্যবহার
- Practice-এ পূর্ণতা

18. Right form of Verbs 183

- Verb এর সঠিক রূপ বা গঠন হলো ৬টি
- যখন Verb এর base form/v1 হয়
- যখন verb এর সাথে s/es হয়
- যখন verb এর সাথে ing হয়
- যখন verb এর আগে to বসে
- যখন verb এর past form/v2 হয়
- যখন verb এর past participle/v3 হয়
- Practice-এ পূর্ণতা

19. Conditional Sentences 191

- Zero conditional
- 1st conditional
- 2nd conditional
- 3rd conditional
- Had যখন second conditional
- Unless যখন conditional
- Had যখন third conditional
- Practice-এ পূর্ণতা

20. Subject-Verb-Agreement 196

- Subject-verb agreement এর মূল কথা
- Subject singular ও verb singular হওয়ার শর্ত
- Subject plural ও verb plural হওয়ার শর্ত
- Practice-এ পূর্ণতা

21. Modal Verbs 202

- ইংরেজিতে যে কয়েকটি modal verb
- Modal verb সম্পর্কে কয়েকটি গুরুত্বপূর্ণ তথ্য
- Can এর ব্যবহার
- Could এর ব্যবহার
- May & Might এর ব্যবহার
- Shall & Will এর ব্যবহার
- Should & Ought to এর ব্যবহার

- Would এর ব্যবহার
- Must এর ব্যবহার
- Have to এর ব্যবহার
- Used to এর ব্যবহার
- Need এর ব্যবহার
- Dare এর ব্যবহার
- Be to এর ব্যবহার
- Be going to এর ব্যবহার
- Had better এর ব্যবহার
- Practice-এ পূর্ণতা

22. Gerund **216**

- Gerund এবং Participle এর উৎপত্তি
- বাক্যে Gerund/Noun এর অবস্থান
- Gerund চেনার মৌলিক কথা

23. Participle **218**

- Participle এর প্রকার
- Present Participle
- Past Participle
- Perfect Participle
- বাক্যে Present Participle এর অবস্থান
- Participle চেনার মৌলিক কথা
- Gerund ও Participle এর তুলনামূলক বিশ্লেষণ
- Practice-এ পূর্ণতা

24. Tag Question **221**

- Tag question এর প্রাথমিক তথ্য
- Contracted Form of Making Tag Question
- Tag Question গঠনের rule সমূহ
- Practice-এ পূর্ণতা

25. Transformation of Sentences **229**

- **Changing Sentence** **229**
  - Affirmative to Negative
  - Affirmative to Interrogative
  - Affirmative to Exclamatory
  - Affirmative to Imperative
- **Voice Changing** **241**
  - Active Voice

- Passive Voice
- Voice changing এর গুরুত্বপূর্ণ তথ্য
- Active হতে Passive করার নিয়ম
- Voice changing এ subject এর object form
- Tense অনুযায়ী passive voice এ be verb
- Tense Based Voice
- Voice of Imperative Mood
- Voice of who/whom & Wh. questions
- Voice of Factitive Object
- Voice of Cognate Object
- Voice of Quasi-Passive
- Voice of Reflexive Object
- Voice of Imaginative Subject (passive to active voice)
- "By" ছাড়া অন্য Preposition দিয়ে Passive
- Complex Sentence এর Passive Voice

➲ **Changing Sentence**

- Simple Sentence কি?
- Complex Sentence কি? **255**
- Compound Sentence কি?
- Simple - Complex - Compound পরিবর্তনের ক্রম

➲ **Degree Changing**

- Positive degree কি?
- Positive degree এর গঠন
- Comparative degree কি? **267**
- Comparative degree এর structure
- Superlative degree কি?
- Superlative degree এর structure
- Adjective এর তিনটি form
- Positive – Comparative – Superlative
- Practice-এ পূর্ণতা

26. Completing Sentence **280**

➲ So that / In order that দিয়ে
➲ So ----- that দিয়ে
➲ Lest দিয়ে
➲ As / Since / Because দিয়ে
➲ Though / Although দিয়ে
➲ Till দিয়ে

- Until দিয়ে
- Would you mind দিয়ে
- It is high time / It is time দিয়ে
- Let alone দিয়ে
- Relative pronoun (who, which, that) দিয়ে
- Too ----- to দিয়ে
- As long as দিয়ে
- If দিয়ে
- Had better/would better দিয়ে
- Would rather ----- than দিয়ে
- Since বাক্যের মাঝে বসে
- As if / as though দিয়ে
- Hardly had ----- than
- Hardly had ----- when
- Scarcely had ----- when/before দিয়ে
- I wish / I fancy / I like / would that দিয়ে
- Not only ----- but also দিয়ে
- In spite of / Despite দিয়ে
- Practice-এ পূর্ণতা

27. Narration / Speech **291**

- Indirect narration / Indirect speech
- Direct narration / Direct speech
- Narration পরিবর্তনের শর্ত
- Reporting verb কি?
- Reported speech কি?
- Person পরিবর্তনের নিয়ম
- Subject এর তিনটি Form
- Tense পরিবর্তনের নিয়ম
- Adverbial Phrase/ নিকট বাচক শব্দের পরিবর্তন
- Assertive Sentence এর Narration
- Interrogative sentence এর Narration
- Imperative sentence এর Narration
- Optative sentence এর Narration
- Exclamatory sentence এর Narration
- কিছু Narration দেখে রাখলেই হয়
- Passage Narration এর নিয়মাবলি
- Practice-এ পূর্ণতা

28. Connector & Linking Word 308

- গুরুত্বপূর্ণ Connector/Linking word এর তালিকা
- সময় প্রকাশক কিছু connector
- অতিরিক্ত তথ্য যুক্তকারী কিছু connector
- সাদৃশ্যতা/তুলনা প্রকাশক কিছু connector
- কারণ বা ফলাফল প্রকাশক কিছু connector
- সমজাতীয় তথ্য/ঘটনা/ক্রমবর্ণনা প্রকাশক কিছু connector
- একে অপরের সম্পূরক এমন কিছু connector
- বিপরীত অর্থ প্রকাশক কিছু connector
- উদ্দেশ্য প্রকাশক কিছু connector
- শর্ত প্রকাশক কিছু connector
- ঘটনার পরিসমাপ্তি প্রকাশক কিছু connector
- Practice-এ পূর্ণতা

29. Prefix & Suffix 314

- What is prefix?
- Prefix & suffix এ ভালো করতে যা জানতে হবে
- "Prefix এ প্যাটার্ন" শিরোনামে সকল Prefix
- Prefix যোগে noun, verb, adjective ও adverb এর সঠিক অবস্থান
- Practice-এ পূর্ণতা

30. Punctuation 333

- Punctuation Marks এর ১১ ধরন
- Full stop
- Semicolon
- Question Mark
- Apostrophe
- Hyphen
- Asterisk
- Comma
- Colon
- Exclamation Mark
- Dash
- Parenthesis/Bracket
- Practice-এ পূর্ণতা

31. Capitalization 344

- Capital letter বসে যেসব ক্ষেত্রে
- Where capital letter is not needed

Advanced Level

ইংরেজি শেখার ইতি কথা

32. Clause & Its Details **348**

- Kinds of clauses
- Principal clause
- Subordinate clause
  - Noun clause
  - Adjective clause
  - Adverb clause
- Co ordinate clause
  - বাক্যে Noun clause এর অবস্থান
  - বাক্যে Adjective clause এর অবস্থান
  - দশ ধরনের Adverbial clause
  - Practice-এ পূর্ণতা

33. Phrase & Its Details **357**

- What is phrase?
- Phrase এর মৌলিক গুণাবলি
- Phrase Vs Idiom
- Kinds of phrases
- Noun phrase
- Adjective phrase
- Verb phrase
- Adverbial phrase
- Prepositional phrase
- Conjunctional phrase
- Interjectional phrase
- Infinitive phrase
- Participle phrase
- Practice-এ পূর্ণতা

34. Framing Questions / Wh. Question Making **370**

- Who দিয়ে প্রশ্ন
- Whom দিয়ে প্রশ্ন
- Whose দিয়ে প্রশ্ন
- What দিয়ে প্রশ্ন
- Which দিয়ে প্রশ্ন
- When দিয়ে প্রশ্ন
- Where দিয়ে প্রশ্ন

➲ Why দিয়ে প্রশ্ন
➲ How দিয়ে প্রশ্ন
➲ How long, How far, How much, How fast,
➲ How much, How many, How old দিয়ে প্রশ্ন
➲ Wh. making এ সতর্কবাণী
➲ Practice-এ পূর্ণতা

35. Affirmative & Negative Agreement 379

➲ Affirmative agreement কি
➲ Negative agreement কি
➲ Affirmative বাক্য agreement করার structure
➲ Negative বাক্য agreement করার structure
➲ Practice-এ পূর্ণতা

36. Parallelism 382

➲ Parallelism কি?
➲ Parallelism করতে ব্যবহৃত conjunction
➲ Practice-এ পূর্ণতা

37. Redundancy 385

➲ কয়েকটি জানাশোনা redundancy
➲ একই অর্থ প্রকাশক word/phrase এর redundancy
➲ Verb এর সাথে preposition এর redundancy
➲ Practice-এ পূর্ণতা

38. Embedded Question 388

➲ What is embedded question?
➲ Embedded Question নিয়ে ৩টি কথা
➲ Embedded Question এর shortcut
➲ Imperative Sentence যোগে Embedded Sentence
➲ Assertive Sentence যোগে Embedded Sentence
➲ Embedded Sentence নিয়ে একজন শিক্ষার্থীর ভাবনা
➲ এক নজরে Embedded Question এর ৩টি structure
➲ Practice-এ পূর্ণতা

39. Dangling Modifier 391

➲ Dangling Modifier কি?
➲ Dangling Modifier সম্পর্কে দুইটি গুরুত্বপূর্ণ তথ্য
➲ Dangling Modifier-এ ভুলের ধরন
➲ Practice-এ পূর্ণতা

40. Inversion of Verbs **395**

- Inversion of verb কি?
- Inversion এর ক্ষেত্রে negative adverb সমূহ
- Inversion এর shortcut
- Inversion এর জানা দুটি ব্যবহার
- Practice-এ পূর্ণতা

41. Subjunctive **399**

- Subjunctive mood নাকি American English
- Subjunctive mood এ ব্যবহৃত noun word
- Subjunctive mood এ ব্যবহৃত verb word
- Subjunctive mood এ ব্যবহৃত Adjective word
- Subjunctive mood এর পর শর্ত
- British English Vs American English

42. Run on Sentence **402**

43. Common Mistakes in English **403**

- Good Vs Well
- And Vs As well as
- No Vs Not
- Due to Vs Owing to
- Many Vs Much
- Few Vs Little
- Economic Vs Economical
- Beside Vs Besides
- Each Other Vs One Another
- Sometimes Vs Sometime Vs Some time
- Different + from Vs to Vs than
- Make Vs Do Vs Commit
- Say Vs Tell
- "Noun + ly" Vs "Adjective + ly"
- Who Vs Whom
- Better Vs More good
- The country Vs A country
- It's Vs Its

44. Pair of Words **422**

45. The Same Word Used as Different Parts of Speech **429**

46. Sentence Correction 439
47. Idiom & Phrase 466
48. Proverb 486

Writing Part

এর মৌলিক কথা

49. Paragraph Writing 494
50. Letter Writing 495
51. Application Writing 495
52. Report Writing 498
53. Précis Writing 500
54. Memoranda Writing 500
55. E-mail Writing 501
56. Completing Story 502
57. Graph & Chart 502
58. CV Writing 504
59. Dialogue Writing 506
60. Essay Vs Composition 507
61. M.C.Q Question "Practice-এ পূর্ণতা"এর ব্যাখ্যা সহ সঠিক উত্তর 511-549

Basic Level

ইংরেজি শেখার শুরু

Letter or Alphabet

(অক্ষর/বর্ণমালা)

ইংরেজিতে Letter বা বর্ণ ২৬টি, এটা কে না জানে।

Vowel ৫টি, Consonant ২১টি এটাও সবাই জানে।

Vowel ছাড়া কোনো word গঠিত হয় না। এটি কি তোমার জানা আছে?

For example:

Mobile, Doll, Pen, Book, Robin (গায়ক পাখি) *etc.*

লক্ষ্য করলে দেখা যায়, প্রতিটি word এ এক বা একের অধিক vowel আছে।

এবার নিচের example গুলো লক্ষ্য করো:

Cry, Fry, My, Try *etc.*

লক্ষ্য করলে দেখা যায়, এই word গুলোতে কোনো vowel নেই।

তবে কি আগের কথাটি ঠিক নয়? যে vowel ছাড়া word গঠিত হয় না।

আসল রহস্য:

Vowel মূলত ৬টি, "Y" কে বলা হয় special vowel

অজানা কথা:

i. Letter ও Alphabet এর মধ্যে মৌলিক পার্থক্য: Letter হলো একটি symbol বা চিহ্ন যার নিজস্ব একটি উচ্চারণ আছে।

   অন্য দিকে, Alphabet হলো কিছু Letter এর সমষ্টি (set of letters) যাকে একটি নির্দিষ্ট নিয়ম অনুযায়ী সাজাতে হয়।

ii. Alphabet অর্থ বর্ণমালা, শব্দটির সাথে "s" যুক্ত করে কখনোই "Alphabets" করা যাবে না।

iii. "I" একটি "letter" তবে, ব্যবহারের উপর ভিত্তি করে ইংরেজির প্রতিটি letter কে এক একটি word হিসেবেও ব্যবহার করা যেতে পারে।

   যেমন:

   I is the 9th letter of English. ("I" হলো ইংরেজীর ৯তম বর্ণ)

iv. ইংরেজির জনপ্রিয় "Pangram" যার মধ্যে ইংরেজির ২৬ বর্ণমালা রয়েছে:

   যেমন:

   A quick brown fox jumps over the lazy dogs.

   (একটি দ্রুতগামী বাদামী রং-এর শেয়াল অলস কুকুর গুলোর উপর দিয়ে লাফ দিলো।)

Word

(শব্দ)

বিন্দু বিন্দু বালুকণা দিয়ে যেমন উঁচু পাহাড় গড়ে ওঠে, ইটের উপর ইট দিয়ে যেমন সুউচ্চ অট্টালিকা গড়ে উঠে, তেমনি একের অধিক Letter বা বর্ণ মিলে Word গঠিত হয়।

Word এর সংজ্ঞা:

একের অধিক Letter একত্রিত হয়ে যখন একটি সুন্দর অর্থ দেয় তখন সেটা Word এ রূপান্তরিত হয়।

For example:

Book-বই, Pen-কলম, Advise-উপদেশ দেওয়া, Fast-দ্রুত, Hurrah-আনন্দের ধ্বনি, Nice-চমৎকার, She-সে *etc.*

লক্ষ্য করো:

enam, koob, ecin এইগুলো দেখতে word মনে হলেও মূলত তা Word নয়। কেননা, Letter গুলো এলোমেলো করে সাজানো হয়েছে এবং তার কোনো সুস্পষ্ট অর্থ নেই।

অজানা কথা:

i. Word কে Grammar এর smallest element (ক্ষুদ্রতম উপাদান) বলা হয়।
ii. English এর সবচেয়ে ছোট word: '**I**-আমি & **A**-একটি'
iii. English এর সবচেয়ে বড় word:
'Pneumonoultramicroscopicsilicovolcanoconiosis'
(এটি একটি ফুসফুস রোগের নাম)

Sentence

(বাক্য)

Letter + Letter মিলে যেমন Word গঠিত হয়।
তেমনি ভাবে, word + word মিলে wentence গঠিত হয়। সহজ কথায়, sentence হলো a set of words বা word এর সমাহার।

Sentence এর সংজ্ঞা:

এক বা একের অধিক Word একত্রে বসে যদি মনের ভাব সুন্দর ভাবে প্রকাশ করে, তবে তাকে Sentence বলে। (Sentence is a group of words that gives a complete thought)

For example:

Sumi reached home safely. (সুমি নিরাপদে বাড়ি পৌঁছেছিল)
She went to market. (সে বাজারে গিয়েছিল)
Sleep on the floor. (মেঝেতে ঘুমাও)

May Allah help you. (আল্লাহ তোমাকে সাহায্য করুক)
Does he like you? (সে কি তোমাকে পছন্দ করে?)
What does he do? (সে কি করে?)
লক্ষ্যণীয়, Grammar এর নিয়ম মেনে, উপরের প্রতিটি বাক্যতেই একের অধিক word বসে প্রত্যেকটি একেকটি sentence এ পরিণত হয়েছে।
অজানা কথা:

i. প্রতিটি sentence-এ কমপক্ষে একটি main verb থাকা বাধ্যতামূলক, এইজন্য verb কে sentence এর প্রাণ বলা হয়।
ii. একমাত্র imperative sentence ছাড়া সকল ধরনের sentence এ subject থাকা আবশ্যক।
iii. English এ সবচেয়ে ছোট sentence: Go. কেননা, "Go" এর চেয়ে ছোট আর কোন intransitive verb নেই।

Kinds of Sentences

Sentence এর প্রকার: অর্থ অনুযায়ী sentence পাঁচ প্রকার-
1. Assertive/Declarative
2. Interrogative/Question
3. Imperative/Command
4. Optative
5. Exclamatory

অজানা কথা:
1. According to *British & American* Grammar Concept:
অর্থ অনুযায়ী sentence ৪ প্রকার।
তারা মনে করে, Optative sentence মূলত Assertive sentence এর অন্যরূপ।
For example:
I help the innocent = Assertive
May I help the innocent = Optative
লক্ষ্যণীয়, যেকোনো Assertive বাক্যের শুরুতে 'May' বসিয়ে দিলেই তা Optative sentence এ রূপান্তরিত হয়।
2. গঠন অনুযায়ী sentence ৩ প্রকার:
i.simple ii.complex iii.compound

পাঁচ প্রকার sentence বিস্তারিত

☑ **Assertive:** যা বর্ণনামূলক বাক্য
Structure 01: Subject + verb + extension + full stop
Structure 02: There + verb + subject (noun/ noun phrase) + extension+ full stop
For example:
Rita walks very fast. (রিতা খুব দ্রুত হাটে)
He can read her mind. (সে তার মন বুঝতে পারে)
Hog-Plum tastes sour. (আমড়া খেতে টক)
There is a post office in this village. (এই গ্রামে একটি পোষ্ট অফিস আছে)

অজানা কথা:
বাক্যে অতিমাত্রায় "জোর বা গুরুত্ব" বোঝাতে অনেক সময় Assertive sentence "Adiective + subject (you) + be verb" এইভাবেও গঠিত হয়।
যেমন: Right you are.,Correct you are.

☑ **Interrogative:** যা প্রশ্নবোধক বাক্য

Structure: Wh. word/auxiliary verb + subject..... ?

For example:

What did they think? (তারা কি চিন্তা করেছিলো?)

Who are you? (তুমি কে?)

Does he act like him? (সে কি তার মতো অভিনয় করে?)

Have you bought Pomfret? (তুমি কি রুপচাঁদা মাছ কিনেছো?)

অজানা কথা:

1. Auxiliary verb দিয়ে গঠিত প্রশ্নবোধক বাক্যকে "Yes/No" Question বলে।
2. প্রশ্নবোধক বাক্য মোট চার ধরনের:

i. Yes/No Question ii. Wh.Question
iii. Tag Question iv. Embedded Question

☑ **Imperative:** আদেশমূলক বাক্য

Structure 01: Verb + extension + full stop
Structure 02: Please/Kindly + verb + full stop
Structure 03: Do not/Never + verb + full stop
Structure 04: Let + object + verb + full stop

For example:

Get out. (বেরিয়ে যাও)
Please shut the door. (দয়া করে দরজাটি বন্ধ করুন)
Do not close your eyes. (চোখ বন্ধ করো না)
Never say it again. (এটা আর কখনোই বলো না)
Let us go there. (চলো সেখানে যাই)

অজানা কথা:

i. Imperative Sentence এর শুরুতে সর্বদায় subject "You" উহ্য থাকে।
ii. Verb+you =Assertive sentence হয়।
যেমন: Thank you.,Wish you best of luck. *etc*
iiii. Verb+you (ব্যতীত অন্য object) =Imperative sentence হয়।
যেমন: Thank them.,Wish her best of luck. *etc*

☑ **Optative:** শুভকামনামূলক বাক্য

Structure: May/Long + assertive বাক্য

For example:

May you be happy in your life.
Long live the king.

☑ **Exclamatory:** বিস্ময়সূচক বাক্য

Structure 01: Hurrah!, Alas!, Fie!, Hush!+subject+verb+extension.
Structure 02: What + a/an+..... !
Structure 03: How+adjective..... !
Structure 04: Subject+verb+so+adjective!
Structure 05: Subject+verb+such+a/an+adjective+noun!

For example:

Hurrah! I have got my lost phone. (কি মজা! আমি আমার হারানো ফোন পেয়েছি)
What a nice yarn it is! (এটা কি সুন্দর গল্প!)
How odd it was! (এটা কতইনা অদ্ভুদ ছিল!)
I am so worried now! (আমি এখন খুবই বিসন্ন!)
This is so amazing! (এটা খুবই বিস্ময়কর!)
He is such a kind person! (সে এমনই দয়ালু ব্যক্তি!)

অজানা কথা:

i. গণিতে এই চিহ্ন (!) এর ব্যবহারকে factorial operation বলে।

Subject & Predicate

(উদ্দেশ্য এবং বিধেয়)

একটি Sentence এ যার সম্বন্ধে কোনো কিছু বলা হয়, বা যে কোন কিছু করে তাকে "Subject" বা "Doer of the action" বলে।

Subject সম্বন্ধে যা কিছু বাড়তি ধারণা দেওয়া হয়, তাকে "Predicate" অন্যকথায় "বিধেয়" বলে।

For example:

He sings a song. ("He" হলো subject, বাকী অংশ predicate)
(সে গান গায়)

She is a nurse ("She" হলো subject, বাকী অংশ predicate)
(সে একজন সেবিকা)

Honesty is the best policy. ("Honesty" হলো subject, বাকী অংশ predicate)
(সততা সর্বোত্তম পন্থা)

They are playing football. ("They" হলো subject, বাকী অংশ predicate)
(তারা ফুটবল খেলছে)

The baby is playing in the playground.
(শিশুটি মাঠে খেলা করছে)

উল্লেখ্য, এখানে "The baby" হলো subject, বাকী অংশ predicate, তবে "in the playground" ব্যতীত, কেননা "in the playground" একটি adverbial phrase।

Note: উপরের প্রতিটি বাক্যের subject ব্যতীত বাকী সব অংশকে predicate বলা হয়। তবে, শেষের বাক্যটিতে "in the playground" এই অংশটুকুকে predicate বলা যাবে না। কেননা, adverb বা adverbial phrase, "Predicate" হতে পারে না।

ব্যতিক্রম :

Here is a phone book. (এখানে মোবাইলের বই/নোট)

There is a suggestion guide. (এটা সাজেশন্স বই)

উল্লেখ্য, "Here/There" দ্বারা কোন বাক্য শুরু হলে "Here/There+verb এরপরে Subject থাকে" অর্থাৎ উপরের বাক্যতে "a phone book ও a suggestion guide" Subject আর বাকি অংশ Predicate।

অজানা কথা:

i. একটি sentence এর major (প্রধান) part হিসেবে subject ও predicate কে ভাবা হয়।

ii. Native speaker বা American/British Grammar concept অনুযায়ী "adverb" কে "predicate" এর অন্তর্ভুক্ত করা হয় না।

iii. Imperative sentence এ subject "you" উহ্য থাকে, এজন্য predicate "verb" দ্বারা শুরু হয়।

iv. Imperative sentence এ Please/Kindly থাকলে তাকেও predicate বলা যাবে না। কেননা, শব্দ দুইটি adverb।

v. "Predicate" grammar এর বৃহত্তম আলোচ্য বিষয়, যার মধ্যে verb, object, complement, *etc.* থাকে।

Practice-এ পূর্ণতা-০১

1. Sentence কত প্রকার?
   (a) দুই (b) তিন (c) চার (d) পাঁচ
2. একটি sentence এর মৌলিক কয়টি অংশ?
   (a) একটি (b) দুইটি (c) তিনটি (d) চারটি
3. Assertive sentence এর অপর নাম কি?
   (a) Declarative (b) Question
   (c) Directive (d) Analytical
4. নিচের কোন sentence টি right?
   a) How talkative girl is! (b) How garrulous the girl is!
   c) How a garrulous girl she is! (d) How the girl was!
5. I know the lad <u>who</u> came last night –এই বাক্যে "who" কি?
   (a) Relative pronoun (b) Interrogative pronoun
   (c) Wh. word (d) Empathic pronoun

6. May you live long. "long" -কোন parts of speech?
   (a) Noun (b) Verb (c) Adjective (d) Adverb
7. Mention the names. –এটি কোন ধরনের sentence?
   (a) Assertive (b) Interrogative (c) Imperative (d) Optative
8. "What she did is obvious" -এই বাক্যটির শেষে কোন চিহ্নটি বসবে?
   (a) Full stop (b) Question mark
   (c) Exclamation mark (d) কোনটিই নয়
9. Have a good day. –এটি কোন ধরনের sentence?
   (a) Assertive (b) Interrogative (c) Imperative (d) Optative
10. "Assertive, Imperative ও Optative" -এর মধ্যে কোনটি sentence এর মূল প্রকার নয়?
   (a) Assertive (b) Assertive ও Imperative
   (c) Assertive ও Optative (d) Optative

[ব্যাখ্যা সহ সঠিক উত্তর বইয়ের শেষ অংশ (Answer Aid)-এ]

Object

(কর্ম)

একটি ফুল গাছ যেমন টবের উপরে ভিত্তি করে দাঁড়িয়ে থাকে, তেমনি একটি English sentence একটি বিশেষ structure এর উপর ভিত্তি করে গঠিত হয়। এই structure টি হচ্ছে- "Subject + verb + extension"।
তবে, অনেকেই মনে করে একটি আদর্শ English বাক্যের structure: "Subject + verb + object"। কিন্তু, কথাটি সঠিক নয়। কেননা, একটি বাক্যের শেষে শুধু object ই বসে না বরং ক্ষেত্র বিশেষ adverb, complement, *etc.* বসে।

[এই chapter এ তুমি Object সম্বন্ধে বিস্তারিত ধারণা পাবে।]

What is object?

Verb কে কি (what) বা কাকে (whom) দ্বারা প্রশ্ন করে যে উত্তর পাওয়া যায় সেই word/phrase টি object। যেমন:
They gave me a flower vase. (তারা আমাকে একটি ফুলদানি দিয়েছিল)
লক্ষ্যণীয়, উপরের বাক্যে verb "give/gave" কে আমরা কি বা কাকে দ্বারা প্রশ্ন করি।
কাকে দিয়েছিল (gave?) উত্তর হবে (me-আমাকে)
কি দিয়েছিল (gave?) উত্তর হবে (a flower vase-একটি ফুলদানি)
তাহলে, উপরের বাক্যটিতে me ও a flower vase দুটিই object
Note: সর্বদাই সব বাক্যেই দুইটি object থাকে না।

অজানা কথা:

Object আবস্থান যে বসবে, সে শব্দ অবশ্যই noun/ noun phrase/ gerund/ pronoun-object form হবে।

Kinds of objects: object দুই প্রকার-

i. Indirect object, যা দ্বারা ব্যক্তি বোঝায়।

ii. Direct object, যা দ্বারা বিষয়/বস্তু বোঝায়।

তাহলে, উপরের বাক্যতে "me" হলো indirect object আর "a flower vase" হলো direct object।

আরও কিছু উদাহরণ:

He gave shelter. = "shelter" একটি direct object
(সে আশ্রয় দিয়েছিল)

I sing a song. = "a song" একটি direct object
(আমি একটি গান গাই)

Our teacher helped us. = "us" ব্যক্তিবাচক হওয়ায় এটি একটি indirect object
(আমাদের শিক্ষক আমাদের সাহায্য করেছিল)

She speaks English. = "English" একটি direct object
(সে ইংরেজি বলে)

The police told me the real story. = "me" একটি indirect object এবং "the real story" একটি direct object
(পুলিশ আমাকে আসল ঘটনাটি বলেছিল)

Exception:

He sent <u>the company</u> <u>a final mail</u>. ="the company" একটি indirect object এবং "a final mail" একটি direct object
(সে কোম্পানীকে একটি চুড়ান্ত মেইল পাঠিয়েছিল)

দুইটি Object একই বাক্যে এক সাথে বসলে:

i. Indirect object + Direct object
মনে রাখতে পার: I.O+D.O

ii. Direct object + preposition (to/for) + Indierect object
মনে রাখতে পার: D.O + preposition +I.O

For example:

She sent <u>me</u> <u>an e-mail</u>.=এখানে "me"indirect object এবং " an e-mail "direct object
অন্যভাবেও বাক্যটি লিখা যায়:

She sent <u>an e-mail</u> for <u>me</u>=এখানে "an e-mail" direct object এবং "me"indirect object

অজানা কথা:

i. যে verb এর পর object বসে, সেই verb কে transitive (সকর্মক) verb বলে।

ii. Subject + verb + object এর পর adverb বসতে পারে।

যেমন: I sing a song. এটির শেষে adverb বসানো যেতে পারে।
যেমন: I sing a song well.

iii. Direct object কে passive voice এ retain (স্থির) object বলে।

Complement

(পরিপূরক)

What is complement?

Complement শব্দের অর্থ পরিপূরক। Sentence এ subject এর পূর্ণতার জন্য verb এর পরে যে word/phrase টি বসে , তাকে complement বলে।

যেমন:

I am happy. = "I" এর অন্য অবস্থা সে এখন happy/খুশি।
(আমি খুশি)

They are helpless. = "They" এর অন্য অবস্থা তারা এখন helpless/অসহায়।
(তারা অসহায়)

Rahim is a farmer. = "Rahim" এর অন্য পরিচয় সে একজন farmer/কৃষক।
(রহিম একজন কৃষক)

লক্ষ্যণীয়, উপরের তিনটি বাক্যতে যথাক্রমে happy, helpless ও farmer পূর্বের subject গুলোর পরিপূরক। সুতরাং, শব্দগুলো complement।

Kinds of complements:

Complement মূলত দুই প্রকার-

i. Subjective complement
ii. Objective complement

➢ **Subjective complement দুই ধরনের:**

i. Noun complement ii. Adjective complement

☑ **Noun complement:** বাক্যে noun এর কাজ করে।

For example:

He is a doctor. = "a doctor" noun phrase যা অন্য কথায় noun complement
(সে একজন ডাক্তার)

She is a nurse. = "a nurse" noun phrase যা অন্য কথায় noun complement
(সে একজন সেবিকা)

Jacky is a footballer. = "a footballer" noun phrase যা অন্য কথায় noun complement
(জ্যাকি একজন ফুটবল খেলোয়াড়)

Note: It is I / It is me, এই গুলো pronoun দিয়ে গঠিত complement।

☑ **Adjective complement:** বাক্যে adjective এর কাজ করে।

For example:

She is happy. = "happy" শব্দটি adjective, অন্যকথায় adjective complement
(সে খুশি)

Honey tastes sweet. = "sweet" শব্দটি adjective, অন্যকথায় adjective complement
(মধু খেতে মিষ্টি)
He feels relaxed. = "relaxed-প্রশান্তি" শব্দটি adjective, অন্যকথায় adjective complement
(সে প্রশান্তি অনুভব করে)

বাস্তবধর্মী Subjective Complement এর উদাহরন:

It always seems impossible until it is done. "Nelson Mandela"
(কোন কিছু শেষ না হওয়া পর্যন্ত তা অসম্ভব মনে হয়)

➢ **Objective complement:** যা মূলত object এর পরিপূরক

For example:

He has made me happy.= এখানে object "me" এর complement "happy"
(সে আমাকে সুখী করেছে)

We appointed him our bodyguard= এখানে object "him" এর complement "our body guard"
(আমরা তাকে আমাদের দেহরক্ষী নিযুক্ত করেছিলাম)

I found him talking.= এখানে "him" object এর complement "talking"
(আমি তাকে কথা বলা অবস্থায় দেখেছিলাম)

অজানা কথা:

i. Subject ও Complement যেহেতু একে অপরের পরিপূরক, সেক্ষেত্রে complement নির্ণয়ে subject ও complement এর মাঝখানে is equal to (=) চিহ্ন বসিয়ে complement বের করা যেতে পারে।
   যেমন: He is a doctor. অর্থাৎ, He = a doctor.
ii. Subject ও Complement এর মাঝে যে verb টি বসে তাকে linking verb বলে। Shortcut: Subject + linking verb + complement
iii. Be verb, seem-মনে করা, feel-অনুভব করা, remain-থাকা, taste-স্বাদ নেওয়া *etc.* verb গুলো linking verb ।
iv. Complement লিখতে যেয়ে অনেকেই ভুল করে "Compliment" লিখে থাকে। যার অর্থ "অভিবাদন/অভিনন্দন"।

Object ও Complement এর তুলনামূলক বিশ্লেষণ

Object	Complement
Object অর্থ- কর্ম	Complement অর্থ- পরিপূরক
Object দুই প্রকার	Complement দুই প্রকার
Transitive verb এর পর object বসে	Linking verb এর পর complement বসে
Object এর পরে adverb-ও বসতে পারে	Complement এর পরে আর কোনো word বসে না

3. Apostrophe ('s) যুক্ত করে নিচের কোনটিকে plural করা যাবে?
(a) Sail (b) L (c) Fish (d) Spectacles
4. "It" এর plural form কোনটি?
(a) These (b) Those (c) Its (d) They
5. নিচের কোন শব্দটির singular এবং plural একই?
(a) Alms (b) Eaves (c) Alphabet (d) Vitals
6. Fill in the gap: Delete four ----- and add two 4's.
(a) 5 (b) five (c) 5's (d) 5s
7. "Focus" এর plural কোনটি?
(a) Focuss (b) Focuses (c) Focal (d) Focci
8. "Aristocracy, Nobility, Cattle" উক্ত noun গুলোর পর নিচের কোন verb টি হতে পারে?
(a) is (b) are (c) was (d) has been
9. "Advices" এর মত অর্থ দেয় নিচের কোন শব্দটি?
(a) Advise (b) Counsel (c) Information (d) Listening
10. Fill in the gap: Gallows ----- prepared for the killer.
(a) is (b) are (c) have been (d) will

[ব্যাখ্যা সহ সঠিক উত্তর বইয়ের শেষ অংশ (Answer Aid)-এ]

Case

Case হল মূলত Noun এবং Pronoun এর কিছু Grammatical কার্যাবলীর আলোচনা।

Case মূলত ৩ প্রকার। যথা:

1. Subjective case
2. Objective case
3. Possessive case

☑ Subjective case:

যে noun/pronoun গুলো বাক্যে subject অবস্থানে বসে, তাকে subjective case বলে।

For example:

Mir works in a factory. = মীর একটি কারখানায় কাজ করেন।

She tries to overcome the problem. = তিনি সমস্যাটি কাটিয়ে ওঠার চেষ্টা করেন।

I want to reach there. = আমি সেখানে পৌঁছতে চাই।

Walking is called the best exercise. = হাঁটাকে সেরা ব্যায়াম বলা হয়।

লক্ষণীয়, উপরের চারটি বাক্যতে যথাক্রমে Mir, She, I, Walking শব্দগুলো বাক্যগুলোর subject হিসেবে বসায় সে গুলোকে subjective case হিসেবে গণ্য করা হয়েছে।

অজানা কথা:

1. Subjective case এর অপর নাম Nominative case।
2. Gerund -ও subjective case, কেননা gerund এর মধ্যে noun লুকানো থাকে।
3. Subject শব্দটির adjective রূপ subjective
4. সাধারন অর্থে-একাধিক pronoun "subjective case" হিসেবে বাক্যের শুরুতে বসলে, তারা একটি নির্দিষ্ট নিয়ম মেনে বসে

যেমন: প্রথমে 2nd person "you" তারপর 3rd person "he, she, any name" এবং সর্বশেষে 1st person "I"

যাকে অন্যভাবে মনে রাখা যেতে পারে: (321) এভাবে।

☑ Objective case:

যখন noun/pronoun একটি বাক্যে transitive verb এর object হিসেবে বসে, তখন তাকে objective case বলে।

For example:

Shila does not eat <u>Thai Food.</u> = শিলা থাই খাবার খান না।

She loves <u>pizza.</u> = তিনি পিৎজা পছন্দ করে।

Robin told <u>me</u> something. = রবিন আমাকে কিছু বলেছিল।

Rita follows <u>Rani.</u> = রিতা রানীকে অনুসরণ করে।

I like <u>swimming.</u> = আমি সাঁতার পছন্দ করি।

লক্ষণীয়, উপরের বাক্যগুলোতে underline করা শব্দগুলো object case হয়েছে, কেননা উক্ত শব্দগুলো transitive verb (eat, love, told, follow, like) এর পর বসেছে।

অজানা কথা:

1. Objective case এর অপর নাম accusative।
2. Transitive verb সেই যে verb এর object বা কর্ম থাকে।
3. অনেক সময় transitive verb এর দুইটি object থাকে, এ ক্ষেত্রে উভয় object কে objective case বলে।

যেমন: She gave <u>me</u> <u>a flower.</u> = তিনি আমাকে একটি ফুল দিয়েছিলেন।

I presented <u>him</u> <u>a gift.</u> = আমি তাকে একটি উপহার প্রদান করেছিলাম।

☑ Possessive case:

অধিকারের সম্পর্ককে বোঝায়, অন্য কথায় noun বা pronoun এর অধিকারে থাকা কোনো বিষয়কে বোঝায়।

For examples:

Mrinal's house is near the old temple. = মৃণালের বাড়ি পুরানো মন্দিরের কাছে।

Her brother lives in the village. = তার ভাই গ্রামে থাকে।

My family does not allow this. = আমার পরিবার এটিকে অনুমতি দেয় না।

Kohinur's husband has passed away. = কোহিনুরের স্বামী মারা গেছেন।

অজানা কথা:

1. Possessive case এর অপর নাম Genitive case

2. Possessive case + noun = Noun phrase হয়। যেমন: Mir's house, My pen, Tipu's opinion *etc.*

3. যে নাম গুলোর সাথে আগে থেকে "s" থাকে অথবা যে নামগুলো plural অর্থে ব্যবহার হয়, সে গুলোকে possessive করার ক্ষেত্রে আলাদা করে apostrophe "s" যুক্ত করতে হয় না, শুধু noun এর শেষে "কমা" দিলেই হয়।

যেমন:

Incorrect: Sams's pen, Pears's book, Boys's school, Girls's school

Correct: Sams'pen, Pears' book, Boys' school, Girls' school

তিনটি Case কে টেবিলের মাধ্যমে উপস্থাপন করা হলো:

Subjective case	**Objective case**	**Possessive case**
I	Me	My, mine
We	Us	Our, ours
You	You	Your, yours
He	Him	His
She	Her	Her, hers
They	Them	Their, theirs
It	It	Its
Who	Whom	Whose

উল্লেখ্য, Case এর আরেকটি ধরন রয়েছে double possessive।

যেমন: mine, ours, theirs, yours *etc.* এগুলোকে case এর বিশেষ কোন প্রকার হিসেবে ধরা হয় না।

Case এর আরেকটি প্রকার vocative case।

তবে, Modern English -এ vocative case কে অতটা গুরুত্ব দিয়ে আলোচনা করা হয় না।

☑ Vocative case:

মূলত সম্বোধনসূচক noun/pronoun, যা দ্বারা কোন ব্যক্তিকে ইঙ্গিত করা হয় এবং এই vocative case টি কমা দ্বারা পৃথক হয়।

For examples:

Roni, may I ask you a question? = রনি, আমি কি আপনাকে একটি প্রশ্ন জিজ্ঞাসা করতে পারি?

You, get out now. = তুমি, এখনই বের হও।

Listen to me, Robert. = আমার কথা শোন, রবার্ট।

How are you, Priya? = কেমন আছো, প্রিয়া?

লক্ষণীয়, উপরে বাঁকগুলোতে যথাক্রমে "Roni, You, Robert, Priya "Vocative case"। কেননা, এদেরকে সম্বোধন করে বাকি কথা বলা হচ্ছে এবং এই Vocative case গুলোকে কমা দিয়ে আলাদা করা হয়েছে।

অজানা কথা:

অনেক সময়, অনেকে vocative case ব্যবহার করে sentence- এ "Run on Sentence" নামক একটি ভুল করে থাকে।

যেমন: **Incorrect:** I know you, dear, we are waiting for you.

Correct: I know you, dear. We are waiting for you.

যে কারনে ভুল (incorrect):

(কোন full stop ব্যবহার না করেই, দুটি বাক্য যুক্ত করা হয়েছে যা run-on sentence বা common mistakes এর অন্তর্ভুক্ত)

Practice-এ পূর্ণতা-০৫

1. যখন কোনো "Pronoun" verb এর subject হিসেবে বসে, তখন কোন case বসে?

(a) subjective case (b) objective case
(c) possessive case (d) vocative case

2. নিচের কোন বাক্যটি সঠিক?

(a) Last Sundays' meeting was boring.
(b) Last Sunday's meeting was boring.
(c) Last Sunday meeting was boring.
(d) Last Sunday of meeting was boring.

3. নিচের কোন বাক্যটি সঠিক?

(a) I know about girls school (b) I know about girls's school
(c) I know about girls' school (d) I know about girl's school

4. Fill in the gap: Rahul and ----- are going to market.

(a) she (b) her (c) mine (d) my

5. The man who came here was -----.

(a) she (b) him (c) he (d) the man

☑ **Abstract noun:**

যে noun কে দেখা যায় না, ধরা যায় না, ছোঁয়া যায় না শুধুমাত্র অনুভব করা যায়।

Abstract noun এর শেষে সাধারণত যে suffix গুলো বেশি দেখা যায়:

tion, ism, ity, ment, ness, age, ance, ence, ship, acy *etc.*

যেমন:

Discussion, Nationalism, Dignity, Movement, Breakage, Ignorance, Innocence, friendship, accuracy

Common Abstract Nouns:

ইংরেজিতে সাধারণত যে abstract noun গুলো বারবার চোখে পড়ে:

Emotions/Feelings (আবেগ-অনুভূতি প্রকাশক abstract noun):

Peace-শান্তি; Love-ভালোবাসা; Hate-ঘৃণা; Ego-আত্ম অহংকার; Anger-রাগ; Sympathy-সহানুভূতি; Pride-গর্ব

States/Attributes (বিভিন্ন অবস্থা পরিস্থিতি এবং বিশেষ গুণবাচক abstract noun):

Honesty-সততা; Beauty-সৌন্দর্য; Success-সাফল্য; Courage-সাহস; Bravery-সাহস; Loyalty-আনুগত্য; Integrity-সততা; Compassion-সমবেদনা; Charity-দানশীলতা; Skill-দক্ষতা; Brilliance-প্রতিভা; Misery-দুর্দশা; Deceit-প্রতারণা; Pain-ব্যাথা

Idea/Concept/Ideals (বিভিন্ন ধারণা ও আদর্শমূলক abstract noun):

Dedication-উৎসর্গ; Dream-স্বপ্ন; Belief-বিশ্বাস; Liberty-স্বাধীনতা; Justice-বিচার; Truth-সত্য; Faith-বিশ্বাস; Information-তথ্য; Culture-সংস্কৃতি; Trust-আস্থা; Knowledge-জ্ঞান; Thought-চিন্তাধারা

Movement/Events (বিভিন্ন ঘটনা সম্পর্কিত abstract noun):

Education-শিক্ষা; Leisure-অবসর; Friendship-বন্ধুত্ব; Progress-উন্নতি; Hospitality-আতিথেয়তা; Relaxation-বিনোদন; Trouble-কষ্ট

লক্ষণীয়, উপরে যতগুলো noun শব্দের উল্লেখ করা হয়েছে, সবগুলোই অনুধাবনযোগ্য noun, এগুলোকে ধরা যায় না, ছোঁয়া যায় না। এজন্যই এই noun গুলোকে abstract noun বলে।

Concrete noun এবং Abstract noun যেহেতু noun এর প্রধান দুটি প্রকার। সেই জন্য তুলনামূলক পার্থক্য দেখে নেওয়া যেতে পারে:

Abstract Noun এই noun গুলোর কোনো দৃশ্যমান রূপ নেই	**Concrete Noun** এই noun গুলোকে দেখা যায়, যার দৃশ্যমান রূপ আছে
Success-সফলতা	Money-টাকা
Friendship-বন্ধুত্ব	Friend-বন্ধু
Energy-শক্তি	Gas-গ্যাস

অজানা কথা:

1. Abstract noun বাক্যের subject হলে verb হয় singular।
   যেমন: Success means achieving something.
2. Abstract noun এর pronoun "It" হয়।
   যেমন: Success means achieving something. It applies to a lucky person.
3. বেশিরভাগ Abstract noun গুলো uncountable noun হওয়ায়, এই noun গুলোর পূর্বে সাধারণত সংখ্যাবাচক determiner বসে না।
   যেমন:
   Incorrect: I need two success.
   Correct: I need success.
   Incorrect: They have lost first energy.
   Correct: They have lost energy.

4. কিছু Adjective word, Verb word এবং Common noun থেকেও abstract noun গঠিত হয়:

যেমন:

Adjective	Abstract noun
Free- বিনামূল্যে	Freedom- স্বাধীনতা
Healthy- স্বাস্থ্যকর	Health- স্বাস্থ্য
Long- দীর্ঘ	Length- দৈর্ঘ্য
Kind- দয়ালু	Kindness- দয়া
Strong- শক্তিশালী	Strength- শক্তি
Ill- অসুস্থ	Illness- অসুস্থতা

Verb	Abstract noun
Advise- উপদেশ দেওয়া	Advice- উপদেশ
Behave- আচরণ করা	Behaviour-*British* / Behavior-*American*- আচরণ
Laugh- হাসা	Laughter- হাসি
Think- ভাবা	Thought- ভাবনা
Lose- হারানো	Loss- ক্ষতি
Obey- মান্য করা	Obedience- আনুগত্য

Common noun	Abstract noun
Friend- বন্ধু	Friendship- বন্ধুত্ব

Mother- মা	Motherhood- মাতৃত্ব
Member- সদস্য	Membership- সদস্যতা
Patriot- দেশপ্রেমিক	Patriotism- দেশপ্রেম
Neighbour- প্রতিবেশী	Neighbourhood- প্রতিবেশী

Noun নিয়ে আরও কথা

➢ Abstract noun যখন Common noun হয়:

"The + abstract noun + of ---"এই ক্ষেত্রে abstract noun টি common noun হয়।

For example:

The kindness of you makes me joyful.

The honesty of the man is praiseworthy (প্রশংসনীয়).

লক্ষ্যণীয়, উপরের বাক্যতে "kindness ও honesty" শব্দ দুইটি Common noun হয়েছে, কেননা, শব্দ দুটির পরে "of" বসে কোন একজন ব্যক্তির সাধারন গুনাবলি "নির্দিষ্টভাবে" প্রকাশ করেছে।

➢ Common noun যখন Abstract noun হয়:

"The + common noun + in----" এই ক্ষেত্রে common noun টি abstract noun হয়।

For example:

I appreciated her to see the mother in her. (the mother in her = মাতৃত্ব)

The father in him impressed me very much. (The father in him = পিতৃত্ব)

লক্ষ্যণীয়, উপরের দুটি বাক্যতে "mother ও father" শব্দ দুইটি abstract noun, কেননা শব্দ দুটির পরে "in" আছে এবং ধরা যায়না/ছোঁয়া যায় না "মাতৃত্ব বা পিতৃত্ব" এমন গুনাবলী বোঝাচ্ছে।

Countable & Uncountable Noun

গণনার ভিত্তিতে noun কে দুই ভাগে ভাগ করা হয়:

1. Countable noun (গণনাযোগ্য বিশেষ্য)
2. Uncountable noun (গণনা অযোগ্য বিশেষ্য)

☑ Countable Noun:

যে noun গুলোকে গণনা করা যায়, সে গুলোকে বলা হয় countable noun.

যেমন: Pen, table, mobile, cat, cow *etc.*

উপরের noun গুলোকে যেহেতু গণনা করা যায়, তাই এভাবে বলা যেতে পারে:

A pen, two pens, pens = একটি কলম, দুইটি কলম, কলম গুলো

A table, two tables, tables = একটি টেবিল, দুইটি টেবিল, টেবিল গুলো

A mobile, two mobiles, mobiles = একটি মোবাইল, দুইটি মোবাইল, মোবাইল গুলো

A cat, two cats, cats = একটি বিড়াল, দুইটি বিড়াল, বিড়াল গুলো

A cow, two cows, cows = একটি গরু, দুইটি গরু, গরু গুলো

☑ Uncountable Noun:

যে noun গুলোকে গণনা করা যায় না, সে গুলোকে বলা হয় uncountable noun।

যেমন: Information-তথ্য; Dirt-ময়লা; Rice-চাউল; Hair-চুল *etc.*

লক্ষণীয়, উপরের noun গুলোকে কোনভাবে গণনা করা যায় না, চাইলে এগুলোকে কখনো *একটি-দুটি* বলা যায় না।

Countable noun এবং Uncountable noun -এর মূল কথা:

Countable noun "Singular" এবং "Plural" উভয়ই হতে পারে। অন্যদিকে, Uncountable noun সর্বদাই "singular" হিসেবে ব্যবহার হয়।

ইংরেজি পড়তে গেলেই যে uncountable noun গুলো বারবার চোখে পড়বে:

Advice-উপদেশ; courage-সাহস; Equipment-উপকরণ; Knowledge-জ্ঞান; Patience-ধৈর্য্য; Permission-অনুমতি; Scenery-দৃশ্য; Information-তথ্য; Leisure-অবসর; Music-সঙ্গীত; Money-টাকা; News-সংবাদ; Accommodation-থাকার জায়গা; Decision-সিদ্ধান্ত; Soap-সাবান *etc.*

উল্লেখিত uncountable noun সমূহকে বিশেষ phrase ব্যবহার করার মাধ্যমে countable করা যায়:

Uncountable noun	**Countable noun**
Advice=	A piece of advice / Two pieces of advice.
Furniture=	A piece of furniture / Two pieces of furniture.
Soap=	A bar of soap / Two bars of soap.
Bread=	A piece/slice/loaf of bread / Two pieces of bread.
Information=	A piece of information / Two pieces of information.
Music=	A piece of music / Two pieces of music.
News=	A piece of news / Two pieces of news.
Equipment=	A piece of equipment / Two pieces of equipment.

লক্ষণীয়, uncountable noun টি কিন্তু plural হয়নি, বরং আগের অংশটি (phrase) plural হয়েছে।

অজানা কথা:

নিম্নে উল্লেখিত ৮ ধরনের শব্দ সমূহ uncountable noun এর অন্তর্ভুক্ত:

1. Liquids (তরল বস্তু): Milk, water, oil *etc.*

2. Abstract ideas (অনুমেয় বিষয়): Advice, motivation, information, decision *etc.*

3. Powder and grain (গুঁড়া এবং শস্য): Rice, sand, wheat *etc.*

4. Mass nouns (জনসাধারণের সাথে সম্পৃক্ত): Furniture, transportation, hair *etc.*

5. Natural phenomena (প্রাকৃতিক ঘটনা): Sunshine, snow, rain, weather *etc.*

6. State of being (নিজ সত্তার অবস্থা): Sleep, stress, childhood *etc.*

7. Feelings (অনুভূতি সমূহ): Anger, happiness, enthusiasm *etc.*

8. Gas (গ্যাস): Oxygen, air *etc.*

Countable noun এবং Uncountable noun নিয়ে তুলনামূলক বিশ্লেষণ

Countable এবং uncountable noun নিয়ে যত রকমের জটিলতা রয়েছে, এই চারটি rules জানার মাধ্যমে তা দূর হবে।

1.	
Countable noun	**Uncountable noun**
Countable noun এর আগে article বসে। **Shortcut:** Article + countable noun যেমন: He has a <u>pen</u>.	Uncountable noun এর আগে কোনো article বসে না। **Shortcut:** No article + uncountable noun যেমন: **Incorrect:** I don't like <u>the sugar</u>. **Correct:** I don't like <u>sugar</u>.

2.	
Countable noun	**Uncountable noun**
Countable noun এর আগে সংখ্যাবাচক শব্দ বসতে পারে। **Shortcut:** সংখ্যাবাচক শব্দ + countable noun যেমন: I have <u>five</u> <u>cows</u>.	Uncountable noun এর আগে সংখ্যাবাচক শব্দ বসে না। **Shortcut:** সংখ্যাবাচক শব্দ ছাড়া + uncountable noun যেমন: <u>News</u> has been telecast.

3.	
Countable noun	**Uncountable noun**
Countable noun কে singular থেকে plural করা যায়। **Shortcut:** Countable noun + s/es যেমন: I have <u>two</u> <u>pens</u>.	Uncountable noun কে কখনোই plural করা যায় না। **Shortcut:** Uncountable noun + no (s/es) যেমন: **Incorrect:** I need <u>furnitures</u>. **Correct:** I need <u>furniture</u>.

4.	
Countable noun	**Uncountable noun**
Countable noun এর পরে verb "singular" এবং "plural" উভয় হতে পারে। **Shortcut:** Countable noun + verb (singular/ plural) যেমন: <u>Boys</u> <u>are</u> crazy to have it. <u>A boy</u> <u>is</u> coming.	Uncountable noun এর পর verb সর্বদাই "singular" হয়। **Shortcut:** Uncountable noun + verb (singular) যেমন: **Incorrect:** <u>Informations</u> <u>have</u> been provided. **Correct:** <u>Information</u> <u>has</u> been provided.

Uncountable noun "article" যোগে countable অথবা plural হিসেবে ব্যবহার করলে তার অর্থের পরিবর্তন হয়।

যেমন:

Uncountable noun	Countable noun
Agreement- চুক্তি	An agreement / agreements- চুক্তির নথিপত্র
Business- ব্যবসা	A business / businesses- কোম্পানি
Light- আলো	A light / lights- বাতি
Paper- কাগজ	A paper / papers-নথিপত্র
Work- কাজ	A work / works- শিল্পকর্ম

একটি বিষয় লক্ষ্য করো:

I have <u>agreement</u> with you. = তোমার সাথে আমার চুক্তি আছে।

I have kept <u>an agreement</u>. = আমি একটি নথিপত্র মজুদ রেখেছি।

I have many <u>agreements</u>. = আমার কাছে অনেক নথিপত্র আছে।

লক্ষণীয়, বুঝতে ভুল হলে বা জানার মাঝে ঘাটতি থাকলে এমনটি মনে হতে পারে, "Agreement" যেহেতু uncountable noun তাই এর পূর্বে কোনো ভাবেই article দেওয়া যাবে না এবং এটিকে plural করা যাবে না। কিন্তু না, এগুলোর পূর্বে "article" ব্যবহার করা যাবে এবং noun -টিকে plural করা যেতে পারে, তবে অর্থের পরিবর্তন হবে।

Uncountable noun -এর ব্যতিক্রমধর্মী ব্যবহার:

Room:

I need a room in your house. = এখানে "room" একটি countable noun
(এই বাড়িতে আমার একটি কক্ষ দরকার)

There is no room for you in this house.= এখানে "room" একটি uncountable noun
(এই বাড়িতে তোমার কোনো জায়গা নেই)

Hair:

I have noticed a hair in this soup. = এখানে "hair" একটি countable noun
(এই স্যুপের ভেতরে আমি একটি চুল লক্ষ্য করেছি)

A lot of hair falls out every day. = এখানে "hair" একটি uncountable noun
(প্রতিদিন প্রচুর চুল ঝরে যায়)

Business:

He has started a new business. = এখানে "business" একটি countable noun
(সে একটি নতুন ব্যবসা শুরু করেছে)

He is going to London for business. = এখানে "business" একটি uncountable noun
(ব্যবসার জন্য তিনি লন্ডন যাচ্ছেন)

যে কোন Noun চেনার কিছু চিহ্ন (suffix):

ty, al, cy, ance, ence, ant, ent, tion, sion, ment, ties, hood, ism, dom ness, age, ee, er, or, y *etc.*

For example:

electricity, arrival, advocacy, elegance, difference, obedient, mention, possession, appointment, activities, childhood, nationalism, kindness, breakage, employee, painter, actor, jealousy *etc.*

লক্ষ্যণীয়, উপরের word গুলোর শেষে underline করা suffix সমূহ প্রমাণ করে যে শব্দগুলো noun।

Noun চেনার কিছু চিহ্ন (prefix):

co,sub,auto,anti,mis *etc.*

For example:

co-founder, subdivision, autobiography, anticlimax, misdeed *etc.*

লক্ষ্যণীয়, উপরের word গুলোর শুরুতে underline করা prefix সমূহ প্রমাণ করে যে শব্দগুলো noun।

অজানা কথা:

i. Prefix শব্দটি noun, যার plural form " Prefixes"

ii. Misfortune- দুর্ভাগ্য (noun), কিন্তু Unfortunate- দূ:খজনক ও দুর্ভাগ্য (adjective & noun)

Practice-এ পূর্ণতা-০৬

1. Noun কত প্রকার?
   (a) দুই (b) তিন (c) চার (d) পাঁচ
2. "Quality, Action or State" are the condition of --- noun.
   (a) Proper (b) Common (c) Abstract (d) Material
3. "Mutton" এটি কি ধরনের noun?
   (a) Proper (b) Material (c) Common (d) Abstract
4. "A noun of multitude" denotes -----.
   (a) the individual (b) the individuals
   (c) individual (d) an individual
5. "Check the beast in you." Underline করা শব্দটি কি noun?
   (a) Common (b) Proper (c) Collective (d) Material
6. "He is a man of action." Underline করা শব্দটি কি noun?
   (a) Abstract (b) Collective (c) Proper (d) Material
7. "God, Lord, Almighty" এগুলো কোন ধরনের noun?
   (a) Proper (b) Common (c) Collective (d) Abstract
8. Noun is a ----- word.
   (a) describing (b) qualifying (c) modifying (d) naming
9. নিচের কোন শব্দটি noun?
   (a) feed (b) city (c) to (d) very
10. "grammar, physics, music, chemistry" এইগুলো কোন ধরনের noun?
    (a) Common (b) Proper (c) Abstract (d) Collective

[ব্যাখ্যা সহ সঠিক উত্তর বইয়ের শেষ অংশ (Answer Aid)-এ]

(a) One time (b) One and one (c) Only (d) Once

[ব্যাখ্যা সহ সঠিক উত্তর বইয়ের শেষ অংশ **(Answer Aid)**-এ]

Preposition

Preposition একটি sentence বা বাক্যের অলংকার। অলংকার যেমন একজন মানুষের সৌন্দর্য বাড়িয়ে দেয়। তেমনি ভাবে বাক্যে preposition ব্যবহারের মাধ্যমে বাক্যের অর্থ সৌন্দর্য বেড়ে যায়।

Preposition Dictionary

সকল Preposition এক সাথে:

A	at, about, among, around, above, against, across, after, along	**O**	of, off, on, out, outside
B	between, beyond, before, behind, beside, back, below, beneath, but	**P**	past, providing
D	despite, down, during	**R**	round, regard
E	except	**S**	since
F	for, forward, from, far, further, farther	**T**	to, towards, through, than
I	in, into, inside, inward	**U**	up, upon, under
N	near	**W**	with, within, without

লক্ষ্যণীয়, Like, but, while এই শব্দগুলোও একটা বাক্যে preposition হিসেবে ব্যবহৃত হয়। যাকে irregular (অনিয়মিত) preposition বলে।

যেমন:

You are *like* your father.
(তুমি তোমার বাবার মতো)

While driving the car, I found a stranger.
(কার গাড়ি চালানোর সময়, আমি একজন আগন্তুককে দেখেছিলাম)

Everybody attended the meeting *but* Mr.Babar.
(মিঃ বাবর ছাড়া প্রত্যেকে সভায় উপস্থিত হয়েছিল।)

Preposition এর মূল আলোচনা শুরু করার পূর্বে preposition সম্পর্কে নিচের শর্ত (condition) গুলো জেনে নাও:

শর্ত-০১: প্রতিটি Preposition -এর অর্থ আছে। সেই অর্থানুসারে সাধারণত Preposition বাক্যে বা কোনো শব্দের পরে বসে।

শর্ত-০২: Preposition মূলত এক ধরনের connective word হিসেবে কাজ করে। দু'টি শব্দের মধ্যে সম্পর্ক সৃষ্টি করাই preposition এর মূল লক্ষ্য।

শর্ত-০৩: Preposition -এর পরে অবশ্যই noun/pronoun বা noun/pronoun -এর মত কাজ করে এমন কোনো শব্দ (word) বসে। অর্থাৎ, preposition এর object থাকে।

শর্ত-০৪: Preposition -এর পরে verb/ adjective/ adverb/ conjunction/ interjection বসে না।

শর্ত-০৫: Preposition -এর ব্যবহার সঠিকভাবে শিখতে হলে ইংরেজি পড়ার সময় যত্নসহকারে (carefully) পড়তে হবে। পরবর্তীতে বলা বা লেখার সময় ঐ শব্দের পরে ঐ নির্দিষ্ট Preposition এর প্রয়োগ করতে হবে।

শর্ত-০৬: নির্দিষ্ট শব্দের পরে যে নির্দিষ্ট Preposition বসে তাকে appropriate preposition বলে। এই Preposition গুলো কিছুটা চর্চা (practice) করে মনে রাখতে হবে।

উল্লেখ্য, উপরের শর্তসমূহের মধ্যে যে কথাটা সবচেয়ে গুরুত্বপূর্ণ তা হলো:

Preposition এর পরে অবশ্যই একটি object থাকবে। অর্থাৎ, Preposition + noun/ pronoun/ noun phrase/gerund বসবে।

For example:

You should not depend <u>on</u> them.

Our country largely depends <u>on</u> agricultural system.

Classification of Prepositions:

Preposition মূলত ৪ প্রকার:

i. Simple preposition ii. Compound preposition

iii. Complex preposition iv. Disguised preposition

Simple preposition: একটি word -ই একটি preposition।

যেমন: by, in, to, for, from, through *etc.*

Compound preposition: দুই বা দুইয়ের অধিক word মিলে একটি preposition।

যেমন: into, without, inside, upon *etc.*

Complex preposition: এরা মূলত preposition দিয়ে গঠিত phrase (শব্দগুচ্ছ) এর মত।

যেমনঃ in front of (সামনে), on the contrary (পক্ষান্তরে), on behalf of (পক্ষান্তরে), according to (অনুযায়ী), in lieu of (পরিবর্তে), by dint of (পরিবর্তে), in case of (যদি) *etc.*

Disguised preposition:

মূলত এই preposition গুলো disguised বা ছদ্মবেশে/লুকিয়ে অবস্থান করে।

যেমনঃ

He went a hunting. = এখানে a এর পরিবর্তে **on** বসানো যেতে পারে।

He went a begging. = এখানে a এর পরিবর্তে **on** বসানো যেতে পারে।

She woke up at 7 o'clock. = এখানে o'clock অর্থ-7 **of** clock।

Preposition এর ব্যবহারঃ

☑ At এর ব্যবহারঃ

i. ছোট স্থান বোঝাতে = Now he is *at* home. (সে এখন বাড়িতে)

ii. ঘড়ির সময় বোঝাতে = It is now *at* 7 o'clock. (এখন ৭.০০ টা বাজে)

iii. কোনো স্থানের কাছে বোঝাতে = She reached *at* the balcony when I beckoned (ইশারা করা).

☑ In এর ব্যবহারঃ

i. যেকোনো স্থান বোঝাতে = He lives *in* America. (সে আমেরিকায় থাকে)

ii. দিনের কোনো সময় বোঝাতে = I will meet you *in* afternoon. (আমি তোমার সাথে বিকেলে দেখা করবো)

iii. ক্ষেত্রে বোঝাতে = It is quite hostile *in* your life. (এটা তোমার জীবনের ক্ষেত্রে বিদ্বেষী/বিপরীতমুখী)

iv. কোনো কিছুর মধ্যে বোঝাতে = She is *in* trouble. (সে সমস্যার মধ্যে)

✪ দ্বন্দ্ব দূর করে নাওঃ

He lives --- Mirpur. = "in" হবে। যদিও Mirpur হচ্ছে Dhaka -র একটি ছোট স্থান।

He lives --- Mirpur --- Dhaka. = "at" ও "in" হবে। কারণটা হলো-

উল্লেখ্য, স্থান একটি হলে in বসবে এবং স্থান এক এর অধিক হলে প্রথমে at পরের স্থান গুলোর পূর্বে in বসবে।

☑ Into এর ব্যবহারঃ

i. প্রবেশ বা গতিশীল অবস্থা বোঝাতে = He is entering *into* hall room. (সে হলের ভিতরে প্রবেশ করছে)

ii. রূপান্তরিত/পরিবর্তন হওয়া = Water is changing *into* ice. (পানি বরফে পরিণত হচ্ছে)

iii. দলে দলে ভাগ হয়ে যাওয়া = Finally, all the people were divided *into* three major parties. (অবশেষে সকল মানুষ তিনটি প্রধান দলে বিভক্ত হয়েছিল)

ii. নিয়ন্ত্রণে বা অধীনে থাকা = Remember, you are working *under* my supervision. (মনে রেখো তুমি আমার নিয়ন্ত্রণে কাজ করছো)

iii. কারো চেয়ে বয়সে ছোট = National ID (NID) is not eligible for you as your age is *under* 18. (জাতীয় পরিচয়পত্রটি তোমার জন্য বৈধ নয়, যেহেতু তোমার বয়স ১৮-র কম)

☑ **Within এর ব্যবহার:**

i. কোনো সময়ের মধ্যে বোঝাতে = I will come back *within* 5 minutes. (আমি ৫ মিনিটের মধ্যে ফিরে আসবো)

ii. সীমানার মধ্যে বোঝাতে = Say something *within* your limitation. (সীমাবদ্ধতার মধ্যে কিছু বলো)

☑ **Without এর ব্যবহার:**

i. ছাড়া/ব্যতীত অর্থে = My existence is nothing *without* you. (তুমি ছাড়া আমার অস্তিত্ব বলে কিছু নেয়)

☑ **From এর ব্যবহার:**

i. হতে/থেকে বোঝাতে = The stylish man came *from* London. (ফিটফাট মানুষটি লন্ডন থেকে এসেছিলো)

☑ **Of এর ব্যবহার:**

i. কারো অধিকার অর্থে = This property is *of* four brothers. (এই সম্পদটি চার ভাইয়ের)

ii. বয়স/গুণ বোঝাতে = He is a man *of* action. (সে একজন কাজের মানুষ)
He is a boy *of* fifteen. (সে ১৫ বছরের ছেলে)

Collocation with Prepositions

Collocation এক ধরনের Phrasal use, যেখানে দুই বা দুই এর অধিক শব্দসমূহ সর্বদাই একসাথে বসে। এই অংশে আমরা জানার চেষ্টা করব, সবচেয়ে বেশি ব্যবহৃত কিছু preposition এর সাথে ব্যবহৃত collocations।

এই অংশটি ভালো করে না বোঝার কারণে, অনেক সময় appropriate prepositions জানা সত্ত্বেও, বিভিন্ন filling in the gap সঠিকভাবে পূরণ করা সম্ভব হয় না।

"At" দ্বারা গঠিত Collocations:

1. At first- শুরুতে	11. At down- নিচের দিকে	21. At school- স্কুলে
2. At first hand- প্রথম দিকে	12. At one's desk- কারো সন্নীকটে	22. At sunset- সূর্য ডোবার সময়
3. At the age of- বয়সে	13. At the door- দরজার কাছে	23. At the table- টেবিলে

4. At the beginning of- শুরুতে	14. At first sight- প্রথম দর্শনে	24. At the time- সময় সাপেক্ষে
5. At breakfast- নাস্তায়	15. At a glance- এক নজরে	25. At times- মাঝে মাঝে
6. At lunch- মধ্যাহ্নভোজে	16. At heart- হৃদয়ে	26. At the top of- সর্বোচ্চ
7. At the bottom of- নিচে	17. At home- বাড়িতে/আরামে/দক্ষ	27. At university- বিশ্ববিদ্যালয়ে
8. At the bus stop- বাসস্ট্যান্ডে	18. At last- অবশেষে	28. At the weekened- সপ্তাহান্তে
9. At church- গীর্জায়	19. At least- কমপক্ষে	29. At work- কাজের স্থানে
10. At all costs- যেকোনো মূল্যে	20. At a loss- ক্ষতিতে	30. At the seaside- সমুদ্রের পাশে

“In” দ্বারা গঠিত collocations:

1. In action- কর্মে/কাজে	21. In cash- নগদে	41. In danger- বিপদে
2. In addition to- এছাড়াও	22. In charge- ভারপ্রাপ্ত	42. In the dark- অন্ধকারে/আঁধারে
3. In aid of I- সহযোগীতার জন্য	23. In color- রঙে	43. In hand- হাতে হাতে
4. In bed- বিছানায়	24. In common- সাধারন	44. In general- সাধারণত
5. In brief- সংক্ষেপে	25. In comparison with- তুলনামূলক ভাবে	45. In the hope of- প্রত্যাশায়/আশায়
6. In any case- যেকোনো ক্ষেত্রে	26. In the country- দেশে	46. In a hurry- তাড়ার মধ্যে
7. In someone’s interest- কারো আগ্রহে	27. In love- প্রণয়াসক্ত	47. In politics- রাজনীতিতে
8. In a line- এক লাইনে/একসঙ্গে	28. In the long run- পরিনামে	48. In progress- চলমান
9. In a mess- জগাখিচুড়ি	29. In the mood- মেজাজে	49. In return- বদলে

Causative Verb

(প্রযোজক ক্রিয়া)

আমরা প্রতিদিন কিছু কাজ নিজে সম্পূর্ন করে থাকি আবার এমন কিছু কাজ আছে যা অন্যকে দিয়ে করাই বা করতে সাহায্য করি। অন্যকে দিয়ে কোনো কাজ করানোর ক্ষেত্রেই মূলত causative verb এর ব্যবহার লক্ষ্যণীয়।

Causative verb কি?

"Cause" শব্দ থেকে মূলত causative verb এর উৎপত্তি। যে verb গুলো কোনো কাজ কাউকে দিয়ে সম্পূর্ণ করাতে সাহায্য করে অন্যকথায়, যে verb এর মাধ্যমে subject "object" কে দিয়ে কোনো কাজ করিয়ে নেয়, তাকে causative verb বলে।

Causative verb দুই ধরনের:

i. Causative in real mood (causative verb এর আসল ধরন)
ii. Causative in assistant mood (কিছু verb এর সমন্বয়ে causative verb)

Causative in real mood:

ইংরেজিতে এমন অনেক verb আছে যা causative verb রূপেই ব্যবহার হয়। সেই verb গুলো নিচে দেওয়া হলো:

Causative verb (in real mood)	Simple verb
Show - অন্যকে দেখানো	See - নিজে দেখা
Teach - অন্যকে শেখানো	Learn - নিজে শেখা
Inform - অন্যকে জানানো	Know - নিজে জানা
Feed - অন্যকে খাওয়ানো	Eat - নিজে খাওয়া
Remind - অন্যকে স্মরণ করানো	Remember - নিজে স্মরণ করা
Drench - অন্যকে পান করানো	Drink - নিজে পান করা

Causative in assistant mood:

ইংরেজিতে এমন অনেক simple verb আছে যাদের causative form নেই, সেই সকল simple verb এর পূর্বে এই পাঁচটি verb "make, let, help, get, have" এর সাহায্যে তাদেরকে causative করা হয়। এই সকল verb গুলোকে causative in assistant mood বলা হয়।

যেমন:

Understand = নিজে বোঝা (simple verb)

কিন্তু, make ----- understand = অন্যকে বোঝানো (make+ understand=causative)

See = নিজে দেখা (simple verb)

কিন্তু, help/make ----- see = অন্যকে দেখতে সাহায্য করা (help/make+ see=causative)

Learn = নিজে শেখা (simple verb)
কিন্তু, make ----- learn = অন্যকে শেখানো (make+ learn=causative)
অজানা কথা:
জেনে রাখা ভালো, এই ৫ টি verbs (make, let, help, get, have) নিজেরা আবার main verb হিসেবেও ব্যবহার হয়।

Causative verb রূপে "Make"

যখন একজন ব্যক্তি কোনোকিছু সরাসরি করে না, অন্য একজন ব্যক্তিকে দিয়ে জোর (force) করে করিয়ে নেয়, এমন ক্ষেত্রে causative verb "make" ব্যবহার করতে হয়।

Make=To take an action creating force
Structure: Subject + make + person/thing (object) + v1---
For example:
The doctor made the patient take the medicine. (ডাক্তারটি রুগীটিকে ঔষধ নিতে জোর করেছিল)
The teacher makes us work very hard. (শিক্ষকটি আমাদের কঠোর পরিশ্রম করতে জোর দেয়)
I made the machine work. (আমি যন্ত্রটি দিয়ে কাজ করিয়েছিলাম)
He does not make the tree grow up easily. (সে গাছটিকে সহজেই বাড়তে দেয় না)
লক্ষ্যণীয়, উপরের বাক্যগুলোতে subject তার কাজটি ব্যক্তি বা বস্তুবাচক object কে দিয়ে জোর প্রয়োগে কাজ করে নিয়েছে।

Causative verb রূপে "Get"

"Get" কিছুটা কম জোর প্রয়োগ করে কাউতে মানিয়ে/বুঝিয়ে কোন কাজ করিয়ে নেয়। তবে, প্রয়োজনবোধে অর্থ বুঝে get ও make একে অপরের জায়গায় বসানো যায়।

Get=Convencing or encouraging someone
Structure:
i. Subject + get + ব্যক্তিবাচক object + infinitive (to + v1)---
ii. Subject + get + বিষয়/বস্তুবাচক object + v3---

For example:
Let's get Rana to perform properly. (চলো রানাকে সঠিক ভাবে কাজটি করাই)
Let's get our car washed nicely. (চলো আমাদের গাড়িটিকে সুন্দর ভাবে পরিষ্কার করাই)
I get my cloth washed by someone. (আমি কোনো একজন কর্তৃক আমার কাপড় পরিষ্কার করাই)
এই বাক্যটিকে এভাবেও লিখা যায়: I get someone to wash my cloth.

লক্ষ্যণীয়, উপরের বাক্যগুলোতে "get" verb ব্যবহারের মাধ্যমে কম জোর প্রয়োগ করে object কে দিয়ে কাজ করা বুঝানো হয়েছে।

অজানা কথা:

Get + বিষয়/বস্তুবাচক object + v3 = Passive অর্থ দিয়ে থাকে।

Causative verb রূপে "Have"

একজন ব্যক্তি সরাসরি কাজ না করে তুলনামূলক সাধারন অর্থে অন্যকে দিয়ে কোনো কাজ করিয়ে নিলে causative verb "have" ব্যবহার করতে হয়।

Have=showing someone general responsibility

Structure:

i. Subject + have/has/had + ব্যক্তিবাচক object + v1----

ii. Subject + have/has/had + বস্তুবাচক object + v3----

For example:

My mother had me drink milk everyday. (আমার মা আমাকে প্রতিদিন দুধ খাওয়াতো)

Rina had Rita clean the floor. (রিনা রিতাকে দিয়ে মেঝে পরিষ্কার করিয়েছিল)

He has his hair cut. (সে তার চুল কাটিয়েছে)

লক্ষ্যণীয়, উপরের বাক্যগুলোতে causative verb "have" সাধারন অর্থ প্রকাশে ব্যবহৃত হয়েছে। যে verb ব্যবহারের মাধ্যমে object তার কর্ম সাধারন গতিতে সম্পাদন করেছে।

অজানা কথা:

i. Get এর তুলনায় কম জোর/কর্তৃত্ব প্রকাশে causative verb "have" ব্যবহার করতে হয়।

ii. Causative verb "have" present tense এ ব্যবহার হলে "have/has" ব্যবহার করতে হয়। কিন্তু, past tense এ ব্যবহার হলে "had" ব্যবহার করতে হয়।

Causative verb রূপে "Let"

একজন ব্যক্তি কর্তৃক আরেকজন ব্যক্তি বা বস্তুকে কোনো কাজ করার অনুমতি (permission) দেওয়া অর্থে causative verb "let" ব্যবহার হয়।

Let=permitting/allowing something to complete any task

Structure: Subject + let + ব্যক্তি/বিষয়বস্তুবাচক object + v1----

For example:

He lets her go abroad. (সে তাকে বিদেশে যাওয়ার অনুমতি দেয়)

I let him come home. (আমি তাকে বাড়ি আসার অনুমতি দিয়েছিলাম)

He is letting this car drive slow. (সে গাড়িটিকে আসতে চলতে দেয়)

লক্ষ্যণীয়, উপরের প্রত্যেকটি বাক্য দ্বারা অনুমতিমূলক অর্থ প্রকাশ পেয়েছে। সুতরাং, অনুমতিমূলক বাক্যতে অবশ্যই causative verb "let" ব্যবহার করতে হবে।

7. I did not have ----- luggage just two small bags.
   (a) little (b) a little (c) many (d) much
8. She speaks very ----- Chinese but she knows ----- words.
   (a) little, a little (b) little, a few (c) little, few (d) a few, few
9. ----- people get foreign visa.
   (a) Few (b) Fewer (c) Less (d) Least
10. Choose the correct sentence:
   (a) I need a few furniture. (b) I need few furniture.
   (c) I need many furnitures. (d) I need some furniture.

[ব্যাখ্যা সহ সঠিক উত্তর বইয়ের শেষ অংশ (Answer Aid)-এ]

Article

(পদাশ্রিত শব্দ)

Article যার বাংলা অর্থ "পদাশ্রিত শব্দ"। আরেকটু ভেঙ্গে বললে, পদে পদে বা parts of speech এর মাঝে আশ্রয় নেওয়া শব্দ। "A, An ও The" কে article বলে।

অজানা কথা:

Article এর অপর নাম adjective। কেননা, adjective যেমন noun এর আগে বসে তেমনি article ও noun এর আগে বসে বা noun এর জন্য বসে।

Article দুই প্রকার:

i. Indefinite article (অনির্দিষ্ট অর্থে): A ও An
ii. Definite article (নির্দিষ্ট অর্থে): The

Origin of article (Article এর উৎপত্তি)

One এর সংক্ষিপ্ত রূপ হচ্ছে "A / An"

আর, Demonstrative pronoun (this, that, these ও those) এর সংক্ষিপ্ত/আলাদা রূপ হচ্ছে "The"।

Indefinite article (A/An) এর মূল কথা:

i. শুধুমাত্র গণনা করা যায় বা অন্য কথায় Singular countable noun এর পূর্বে A বা An বসে।
ii. A বা An দ্বারা অনির্দিষ্ট করে যে কোনো একটিকে (all of...) বোঝায়।

For example:

A boy. = অনির্দিষ্ট করে যে কোনো "একটি বালক"।

An apple. = অনির্দিষ্ট করে যে কোনো "একটি আপেল"।

A singer. = অনির্দিষ্ট করে যে কোনো "একজন গায়ক"।

An honest man. = অনির্দিষ্ট করে যে কোনো "সৎ মানুষ"।

লক্ষ্যণীয়, boy, apple, singer, man এই noun গুলো countable (singular) হওয়ায় তার পূর্বে A বা An বসানো সম্ভব হয়েছে। কিন্তু, boys, apples, singers, men হলে শব্দগুলোর পূর্বে কোনো ভাবেই A বা An বসানো যেত না।

Definite article (The) এর মূল কথা:

i. নির্দিষ্ট অর্থে "The" ব্যবহৃত হয়। যার বাংলা অর্থ হয় "টি, টা, খানা"ইত্যাদি।
ii. Countable/Uncountable বা singular-plural যে কোনো noun এর পূর্বেই নির্দিষ্ট অর্থে "The" বসতে পারে।

For example:

The boy / The boys = বালকটি / বালক গুলো
The apple / The apples = আপেলটি / আপেলগুলো
The singer / The singers = গায়কটি / গায়কগুলো
The honest man / The honest men = সৎ মানুষটি / সৎ মানুষগুলো
The information = তথ্যটি ("information" শব্দটি uncountable)
The scenery = দৃশ্যটি ("scenery" শব্দটি uncountable)
The advice = উপদেশটি ("advice" শব্দটি uncountable)

Article এর মূল আলোচনা শুরুর পূর্বে , Article সংক্রান্ত তিনটি Shorcut:

i. Article + noun = A pen
ii. Article + adjective + noun = A colourful pen
iii. Article + adverb + adjective + noun = A very colourful pen

Use of Indefinite Article "A" & "An"

A ও An এর Basic rules:

যদিও আমরা জানি vowel হলে an বসে আর consonant হলে a বসে। তবে এই নিয়মটি পূনার্ঙ্গ নিয়ম নয়। পরিপূর্ণ নিয়ম জানতে গেলে শুধু vowel চিনলেই হবেনা, vowel sound (vowel উচ্চারণ) জানতে হবে।

- Vowel letter পাঁচটি = a, e, i, o, u
- Vowel sound-ও পাঁচটি = এ, এ্যা, ই, অ, আ

এই পাঁচটি sound যেখানে হবে তার পূর্বে "An" বসাতে হবে। এমনকি consonant হলেও এই পাঁচটির মত কোনা word এর শুরুতে উচ্চারণ হলে an হবে।

এবং আরেকটি কথা মনে রাখতে হবে, vowel letter হলেও তার উচ্চারণ যদি vowel sound এর মত না হয়, তবে "An" বসানো যাবে না।

For example:

An apple (এ্যাপল) = "এ্যা" sound হওয়ায় vowel "an" হয়েছে।
An engineer (ইঞ্জিনিয়ার) = "ই" sound হওয়ায় vowel "an" হয়েছে।
An orange (অরেঞ্জ) = "অ" sound হওয়ায় vowel "an" হয়েছে।
An honest (অনেষ্ট) man = "অ" sound হওয়ায় vowel "an" হয়েছে।

An hour (আওয়ার) = "আ" sound হওয়ায় vowel "an" হয়েছে।
An heir (এয়ার) = "এ" sound হওয়ায় vowel "an" হয়েছে।
An honors (অনার্স) certificate = "অ" sound হওয়ায় vowel "an" হয়েছে।
A ewe (ইউ) = "e" vowel হওয়া সত্ত্বেও vowel sound না হওয়ায় "a" হয়েছে। লক্ষ্য করে দেখো "ইউ" কিন্তু vowel sound এ নাই।
A one (ওয়ান) eyed man = "o" vowel হওয়া সত্ত্বেও vowel sound না হওয়ায় "a" হয়েছে। লক্ষ্য করে দেখো "ওয়া" কিন্তু vowel sound নয়।
A university (ইউনিভার্সিটি) = "u" vowel হওয়া সত্ত্বেও vowel sound না হওয়ায় "a" হয়েছে। লক্ষ্য করে দেখো "ইউ" কিন্তু vowel sound নয়।

A ও An এর সাধারণ Rule সমূহ:

Rule-01: অনির্দিষ্ট করে কোনো বিষয়, বস্তু বা ব্যক্তি প্রথমবার উল্লেখ করা অর্থে A/An বসে।

For example:
I saw a lad (বালক) under a big tree.
They helped an adult man.

Rule-02: সংখ্যাবাচক কিছু শব্দ dozen, hundred, thousand, million, couple ইত্যাদি শব্দের পূর্বে a বসে।

For example:
A dozen of pencils has been lost.
They invited a hundred people.

Rule-03: বেশ কিছু সংখ্যক বোঝাতে Many + a/an + noun (singular) বসে।

For example:
Many a flower is spreading beautiful fragnance. (বেশ কিছু ফুল সুগন্ধ ছড়াচ্ছে)
Many an important person is present here. (বেশ কিছু সংখ্যক গুরুত্বপূর্ণ ব্যক্তি এখানে উপস্থিত আছে)

Rule-04: The same / The similar (একই), a certain (কোনো এক) অর্থ প্রকাশ করতে singular common noun এর পূর্বে A/An বসে।

For example:
A flower is the symbol of beauty. = A flower বা A certain flower.
(যে কোনো ফুল-ই সৌন্দর্যের প্রতীক)
Birds of a feather flock together. = a feather বা the same feather.
(চোরে চোরে মাস্তুত ভাই / সকল চোর একই ধরনের)
Thieves are of a mannar. = a mannar বা the same mannar.
(যেকোনো চোরের ধরন একই রকমের)

Rule-05: অপরিচিত ব্যক্তি বোঝাতে A/An বসে।

For example:
A Rana will meet you soon. (রানা নামের কোনো একজন ব্যক্তি তোমার সাথে দেখা করবে)

Tense

English Grammar এর যে Topic/Lesson গুলোর নাম student রা প্রতিনিয়ত শুনে শুনে অভ্যস্থ হয়েছে, তার মধ্যে প্রথমেই চলে আসে tense এর কথা। অবশ্য, Tense এর কথা আসাটা স্বাভাবিক।

কেননা, Tense এর জ্ঞান ছাড়া ইংরেজি ভাষা বলা বা লিখা কোনোটিই সম্ভব নয়। আমি চেষ্টা করবো tense এর আলোচনাকে সহজ ও সাবলীল ভাবে উপস্থাপন করার। আশা করি এই lesson শেষে, Tense নামক ভয়ংকর বিষয়টি ভালবাসায় পোষ মানবে।

প্রথমেই জেনে নাও Tense এর বাংলা-

Tense = সময় / কাল / মুহূর্ত / ঘটে যাওয়া ঘটনার সময়।

Tense এর সংজ্ঞা:

একটি কাজ সংঘটিত হওয়ার সময়কেই tense বলে। অর্থাৎ, একটি কাজ কখন সংঘটিত হয়, সেটাকি সংঘটিত হয়েছিল, সংঘটি হয়, নাকি সংঘটিত হবে। এমন অর্থ প্রকাশে verb এর পরিবর্তনই tense এর মূল আলোচ্য বিষয়।

For example:

I deserve you as a superman. (আমি তোমাকে একজন মহামানব হিসেবে দাবি করি)

I deserved you as a superman. (আমি তোমাকে একজন মহামানব হিসেবে দাবি করেছিলাম)

I will deserve you as a superman. (আমি তোমাকে একজন মহামানব হিসেবে দাবি করব)

লক্ষ্যণীয়, উপরের তিনটি বাক্য তিন ধরনের সময়কে বোঝাচ্ছে। প্রথম বাক্যটি বর্তমান (Present), দ্বিতীয় বাক্যটি অতীত (Past), এবং সর্বশেষ বাক্যটি ভবিষ্যৎ (Future) সময়কে বোঝাচ্ছে।

অজানা কথা:

i. Tense মূলত কথা বলে verb এর পরিবর্তন নিয়ে। অর্থাৎ, tense মানেই sentence এ verb এর পরিবর্তন।
ii. Verb এর তিনটি form অর্থাৎ, Present, Past এবং Past Participle না জানলে tense শেখা অনেকাংশে ব্যর্থ হবে।

* সেই জন্য এই lesson এর পরেই Conjugation of Verbs নামক lesson যুক্ত করা হয়েছে।

এবার জেনে নাও, Tense এর উৎপত্তি ইতিহাস:

i. গতকাল (Yesterday) গ্রামার এর ভাষায় এটিই Past Tense
ii. আজ (Today) গ্রামার এর ভাষায় এটিই Present Tense
iii. আগামীকাল (Tomorrow) গ্রামার এর ভাষায় এটিই Future Tense

যার কারনে Tense তিন প্রকার:

i. Present ii. Past iii. Future

আবার প্রতিটি Tense চার ভাগে বিভক্ত:

Present Tense:

i. Present Indefinite, যাকে অন্য কথায় Present Simple বলে।
ii. Present Continuous, যাকে অন্য কথায় Present Progress বলে।
iii. Present Perfect
iv. Present Perfect Continuous

Past Tense:

i. Past Indefinite, যাকে অন্য কথায় Past Simple বলে।
ii. Past Continuous, যাকে অন্য কথায় Past Progress বলে।
iii. Past Perfect
iv. Past Perfect Continuous

Future Tense:

i. Future Indefinite, যাকে অন্য কথায় Future Simple বলে।
ii. Future Continuous, যাকে অন্য কথায় Future Progress বলে।
iii. Future Perfect
iv. Future Perfect Continuous

১২ টি Tense একনজরে:



☑ Present Indefinite Tense

যে tense দ্বারা বর্তমান কালের সাধারণ কোনো কাজ করা হয় এমন অর্থ দিয়ে থাকে, এছাড়াও অভ্যাসগত কর্ম (habitual fact), চিরন্তন সত্য (universal truth), ঐতিহাসিক সত্য (historical truth), নিকট ভবিষ্যৎ (near future), এই ধরনের কাজও Present Indefinite এর অন্তর্ভুক্ত।

Structure:

i. Subject + verb + extension
ii. Subject (He, She, It, কোনো কিছুর নাম) + verb + s/es + extension

For example:
I miss you. (Subject "I" + verb + extension)
(আমি তোমাকে অনুভব/মনে করি)
We work hard for our future. (Subject "We" + verb + extension)
(আমরা কঠিন পরিশ্রম করি আমাদের ভবিষ্যতের জন্য)
He reads a book. (Subject "He" + verb + s + extension)
(সে একটি বই পড়ে)
She sings a folk song. (Subject "She" + verb + s + extension)
(সে একটি লোকসঙ্গীত গায়)
Niloy goes to market. (Subject "Niloy" + verb + es + extension)
(নিলয় বাজারে যায়)
It depends on your activity. (Subject "It" + verb + s + extension)
(এটা তোমার কর্মকান্ডের উপর নির্ভর করে)
লক্ষ্যণীয়, উপরের বাক্যগুলো present indefinite tense হওয়ায় structure (i ও ii) অনুযায়ী verb এর পরিবর্তন হয়েছে।
অজানা কথা:

i. Subject + 3rd person singular number (He, She, It এবং কোনো কিছুর নাম) বোঝালে present indefinite tense এ verb এর সাথে "s/es" যুক্ত হয়।
ii. একমাত্র present indefinite ছাড়া কখনোই কোনো verb এর সাথে s/es যোগ হয় না।

☑ **দ্বন্দ্ব দূর করে নাও:**

i. Verb+s/es=Singular verb যেমন: goes, reads, comes *etc.*
ii. Noun+s/es=Plural noun যেমন: books, pens, mobiles *etc.*

➢ **অভ্যসগত কর্ম (Habitual fact) যখন Present Indefinite:**

আমি নিয়মিত ব্যায়াম করি = I take exercise regularly.
সে প্রতিদিন দুইবার ঔষধ সেবন করে= He takes medicine twice everyday.
সে নিয়মিত নামাজ আদায় করে= He takes Salat regularly.
লক্ষ্যণীয়, উপরের প্রতিটি বাংলা বাক্যের অর্থ "নিয়মিত বা প্রতিদিন", এমন অর্থ দেওয়ায় উক্ত বাক্যগুলো অভ্যাসগত কর্মকে বুঝিয়েছে। এই জন্য বাক্যগুলোকে present indefinite tense এ translation করা হয়েছে।
অজানা কথা:

i. ইংরেজিতে "regularly, everyday, every" এমন শব্দের উল্লেখ থাকলে তা present indefinite tense এ habitual fact বোঝায়।
ii. অনেক বাক্যে "নিয়মিত বা প্রতিদিন" এমন বাংলা শব্দের উল্লেখ না থাকলেও অর্থ করার সময় "নিয়মিত,সর্বদায় বা প্রতিদিন" শব্দগুলো ব্যবহার করলেও বাংলা বাক্যের অর্থ ঠিক থাকে। যেমন:

বাংলাদেশের মানুষ অতিথি সেবায় বিশ্বাসী।
= The people of Bangladesh believe in host.
এই কথাটি বলা যেতে পারে:

বাংলাদেশের মানুষ সর্বদায় অতিথি সেবায় বিশ্বাসী।
= The people of Bangladesh believe in host.

➢ **চিরন্তন সত্য (Universal truth) যখন Present Indefinite:**

সূর্য পূর্ব দিকে উঠে = The sun rises in the East.
সূর্য পশ্চিম দিকে অস্ত/ডুবে যায় = The sun sets in the West.
গাছ আমাদের ছায়া দেয় = Tree gives us shade.
আমরা গাছ থেকে অক্সিজেন নিই = We get oxygen from trees.

লক্ষ্যণীয়, উপরের বাক্যগুলো সার্বজনীন "চিরন্তন সত্য"। যুগের পর যুগ আসলেও বাক্যগুলোর অর্থগত কোনো পরিবর্তন হবে না। এই জন্য বাক্যগুলোকে present indefinite tense এ translation করা হয়েছে।

➢ **ঐতিহাসিক সত্য (Historical truth) যখন Present Indefinite:**

শাহজাহান তাজমহল তৈরী করেন = Shahjahan builds the Taj Mahal.
সক্রেটিস তার শীর্ষদের নৈতিকতা শিক্ষা দিতেন = Socrates teaches his disciples moral lesson.

লক্ষ্যণীয়, উপরের বাক্যগুলো দ্বারা "ঐতিহাসিক সত্য" ঘটনাকে বোঝানো হয়েছে। এইজন্য, বাক্যগুলোকে present indefinite tense এ translation করা হয়েছে।

অজানা কথা:

i. ঐতিহাসিক সত্য বা historical truth বোঝার ক্ষেত্রে সাধারনত খ্যাতনামা ব্যক্তি বা ঐতিহাসিক স্থানের নাম উল্লেখ থাকে।
ii. এই জাতীয় sentence এ অনেকেই ভুল করে verb এর past tense দিয়ে থাকে। কেননা, তারা ধারণা করে, যে ব্যক্তি নিয়ে ঘটনা সেই ব্যক্তিতো আর বেঁচে নেই। মনে রেখো, কখনোই এই জাতীয় বাক্যের verb past tense করা যাবে না।

➢ **নিকট ভবিষ্যৎ (Near future) যখন Present Indefinite:**

সে আগামী কাল আসবে = He comes tomorrow.
আমি তোমাকে খবরটি আগামী কাল জানাবো = I inform you of the news tomorrow.
আমাদের কলেজ ১ তারিখে খুলবে = Our college opens on the 1st.
এই বছরের জানুয়ারীতে বাবা বাড়ী আসবেন = Father comes on the January of this year.

উল্লেখ্য, উপরের বাক্যগুলো দ্বারা নিকট "ভবিষ্যৎ বা খুবই আসন্ন" কোনো ঘটনাকে বোঝানো হয়েছে। এজন্য, এই জাতীয় বাক্যগুলোকে present indefinite tense এ translation করা হয়েছে।

অজানা কথা:

i. উপরে উল্লিখিত বাক্যগুলোকে চাইলে Simple future tense -এও translation করা যায়।

ii. অনেক শিক্ষার্থীর ভুল ধারণা থাকে "আগামীকাল/tomorrow" এমন সময়ের কথা উল্লেখ থাকলেই, তা future tense হবে। মনে রেখো, সর্বদায় এমনটি নাও হতে পারে।

আরো কিছু structure:

Affirmative (হ্যাঁ বোধক): Subject + verb (s/es) + extension

For example:

I like to sing a folk song. (আমি লোক সঙ্গীত গাইতে পছন্দ করি)

He reads a novel. (সে একটি উপন্যাস পড়ে)

Negative (না বোধক): Subject + do/does + not + v1 + extension

For example:

I do not like to sing a folk song. (আমি একটি লোকসঙ্গীত গাইতে পছন্দ করি না)

He does not read a novel. (সে উপন্যাস পড়ে না)

Interrogative (প্রশ্নবোধক): Do/does + subject + v1 + extension?

For example:

Do I like to sing a folk song? (আমি কি লোকসঙ্গীত গাইতে পছন্দ করি?)

Does he read a novel? (সে কি উপন্যাস পড়ে?)

অজানা কথা:

i. I, we, you এই person গুলোর জন্য auxiliary verb "do" বসে।

ii. I, we, you, they এই চারটি person ছাড়া অন্যান্য সকল person গুলোর জন্য auxiliary verb "does" বসে।

iii. "Do, does" থাকা মানেই বাক্যটি present indefinite tense।

iv. "Do, does" এর পরবর্তী main verb এর সর্বদাই base form (v1) হয়।

☑ Present Continuous Tense

বর্তমানে কোনো কাজ চলছে (non-stop বা অবিরাম গতিতে) এমন বোঝালে verb এর present continuous tense হয়।

বাংলা বাক্যে কিছু বৈশিষ্ট্য: করছি, করি**তেছি**, করি**তেছ**, করছ, করছিস, কর**ছেন**।

অর্থাৎ, কোনো বাংলা বাক্যের শেষে "ছি, তেছি, তেছ, ছ, ছিস, ছেন" এমন উচ্চরণ পেলে তা present continuous tense হয়।

Structure:

Subject + am/is/are + verb + ing + extension.

Note: Now, at this moment, gradually, step by step, one after another থাকলে, তাকে present continuous tense এ রূপান্তর করতে হয়।

For example:

She is making tea. (সে চা তৈরী করছে)

They are playing football in the playground now. (তারা এখন মাঠে ফুটবল খেলছে)

Our teacher is teaching us well. (আমাদের শিক্ষক আমাদের ভালোভাবে পড়াচ্ছেন)

Now the students are singing national anthem. (এখন ছাত্র-ছাত্রীরা জাতীয় সঙ্গীত গাইছে)

লক্ষ্যণীয়, উপরের বাক্যগুলো দ্বারা চলমান (non-stop) কাজ করা বোঝাচ্ছে। এইজন্য বাক্যগুলোকে present continuous tense এর structure অনুযায়ী translation করা হয়েছে।

আরো কিছু structure:

Affirmative (হ্যাঁ বোধক): Subject + am/is/are + verb + ing + -----.

For example:

I am working in my studio. (আমি আমার কর্মশালা/স্টুডিওতে কাজ করছি)

He is solving the sum. (সে অঙ্কটির সমাধান করছে)

Negative (না বোধক): Subject + am/is/are + not + verb + ing + -----.

For example:

I am not working in my studio. (আমি আমার কর্মশালায় কাজ করছি না)

He is not solving the sum. (সে অঙ্কটির সমাধান করছে না)

Interrogative (প্রশ্নবোধক): Am/Is/Are + subject + verb + ing + -----?

For example:

Am I working in my studio? (আমি কি কর্মশালায় কাজ করছি?)

Is he solving the sum? (সে কি অঙ্কটির সমাধান করছে?)

অজানা কথা:

i. "I" এর পর am বসে, "We" এবং "They" এর পর are বসে।

ii. Third person singular (He, She, It, কোনো কিছুর নাম) এর পর is বসে।

সাধারন আলোচনা, যখন হয় অসাধারন

➢ **Present continuous নিয়ে গোলক ধাঁধাঁ -01:**

It is amazing. (এটা খুবই আশ্চর্যজনক/বিস্ময়কর)

They are charming. (তারা মনোমুগ্ধকর)

It is interesting. (এটা আকর্ষণীয়)

উপরের বাক্যগুলো দেখতে present continuous tense মনে হলেও, মূলত তারা present indefinite tense। কেননা, "amazing, charming, interesting" শব্দগুলো জন্মথেকেই "ing" যুক্ত adjective।

নিচের shortcut টি মনে রেখো:

Be verb (am/is/are) + ing যুক্ত adjective = present indefinite

➢ **Present continuous নিয়ে গোলক ধাঁধাঁ -02:**

I am going to start a new business. (আমি একটি নতুন ব্যবসা শুরু করতে যাচ্ছি)

He is going to open a school. (সে একটি বিদ্যালয় খুলতে যাচ্ছে)

They are going to make a charitable fund. (তারা একটি দাতব্য তহবিল গঠন করতে যাচ্ছে)

উপরের বাক্যগুলো দেখতে present continuous tense মনে হলেও, মূলত তারা present indefinite। কেননা, "am going to, is going to, are going to" verb গুলো মূলত modal verb। আর modal verb দিয়ে গঠিত sentence টি simple present tense হয়। যদিনা model verb এর past form হয়।

নিচের shortcut টি মনে রেখো:

i. am/is/are + going to + v1 = present indefinite tense

ii. was/were + going to + v1 = past indefinite tense

➢ **Present continuous নিয়ে গোলক ধাঁধাঁ -03:**

She is jolly enough. (সে যথেষ্টই হাসিখুশি)

I am a banker. (আমি একজন ব্যাংক কর্মকর্তা)

They are courageous. (তারা সাহসী)

কি মনে হয় তোমার? উপরের বাক্যগুলো কি present continuous?

মোটেই না। কেননা, "am/is/are" যদি কোনো বাক্যে একটি verb হয় বা main verb হিসেবে বসে। তবে, "am/is/are" থাকা সত্ত্বেও তা present continuous tense না হয়ে present indefinite tense হয়।

➢ **Present continuous নিয়ে গোলক ধাঁধাঁ -04:**

I am seeing a bird.

He is believing me.

I am feeling you.

উপরের বাক্যগুলো দেখলে মনে হয় বাক্যগুলোতে কোন ভুল নেই, বাক্যগুলো presnt continuous tense। কিন্তু, বাক্যগুলো আসলে incorrect বা ভুল।

সঠিক হবে:

I see a bird. (আমি একটি পাখি দেখি/আমি একটি পাখি দেখছি)

He believes me. (সে আমাকে বিশ্বাস করে/সে আমাকে বিশ্বাস করছে)

I feel you. (আমি তোমাকে অনুভব করি/আমি তোমাকে অনুভব করছি)

লক্ষ্যণীয়, বেশ কিছু verb আছে, যে verb গুলোকে perception verb বা non continuous verb বলা হয়। যেগুলোকে কোনো continuous tense এ ব্যবহার করা যায় না। উক্ত verb গুলোকে continuous এর আগের tense এ ব্যবহার করতে হয়। তবে, বাংলা অর্থ করার ক্ষেত্রে continuous sense এ অর্থ করা যেতে পারে।

List of perception/non-continuous verbs:
see-দেখা, believe-বিশ্বাস করা, miss-অনুভব করা, smell-ঘ্রাণ নেওয়া, touch-স্পর্শ করা, hear-শোনা *etc.*

☑ Present Perfect Tense

এইমাত্র একটি কাজ শেষ হয়েছে কিন্তু তার ফলাফল এখনও লক্ষ্যণীয় বা বিদ্যমান- এরূপ বোঝালে verb এর present perfect tense হয়।

দুইটি বাক্য লক্ষ্য করো:

i. আমি নাটকটি দেখেছি।

ii. আমি ভাত খেয়েছি।

প্রথম বাক্যে, নাটক দেখা শেষ, কিন্তু নাটক দেখার অনুভূতি আমার ভেতরে বিদ্যমান বা থেকে গেছে।

দ্বিতীয় বাক্যে, ভাত খাওয়া শেষ, কিন্তু ভাত খাওয়ার পর আর কোনো ক্ষুধা নেই এমন অনুভূতি বিদ্যমান বা লক্ষ্যণীয়।

এইভাবে, কাজ শেষ হওয়া এবং ফল থেকে যাওয়া বোঝালে বাক্যটিকে present perfect tense ভাবতে হবে।

বাংলা বাক্যে কিছু বৈশিষ্ট্য যেমন: করেছি, করেছো, করেছে, করছিস, করছেন

অর্থাৎ, কোনো বাংলা বাক্যের শেষে "ছি, ছো, ছে, ছিস, ছেন" এমন উচ্চরণ পেলে তাকে present perfect tense ভাবতে হবে।

Structure:
Subject + have/has + verb এর past participle (v3) + extension.

Note: Recently, just, just now, lately, yet, still *etc.* adverb থাকলে বাক্যটি present perfect tense হয়।

For example:
I have read the book. (আমি বইটি পড়েছি)
We have solved the problem. (আমরা সমস্যাটির সমাধান করেছি)
You have completed the work. (তুমি কাজটি শেষ করেছ)
He/She has got a good score. (সে ভালো হিসাব পেয়েছে)
They have joined our party. (তারা আমাদের অনুষ্ঠানে যোগ দিয়েছে)
Mira has taken a stride. (মিরা একটি পদক্ষেপ নিয়েছে)

লক্ষ্যণীয়, উপরের বাক্যগুলোতে "have/has + v3" হওয়ায় বাক্যগুলো present perfect tense হয়েছে। বাংলা বাক্য লক্ষ্য করলে দেখবে একটি কাজ শেষ হয়েছে এবং তার একটি "ফল" লক্ষ্য করা যাচ্ছে।

আরো কিছু structure:

Affirmative (হ্যাঁ বোধক): Subject + have/has + v3 + -----.

168. Weave (কাপড়া বুনা)	wove	woven
169. Weep (ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদা)	wept	wept
170. Wet (ভিজে যাওয়া)	wetted, wet	wetted, wet
171. Win (জয়লাভ করা)	won	won
172. Wind (পরিবেষ্টন করা)	wound	wound
173. Work (কাজ করা)	worked	worked
174. Wring (পাকানো)	wrang	wrung
175. Write (লিখা)	wrote	written
176. Wait (অপেক্ষা করা)	waited	waited
177. Wake up (জাগ্রত হওয়া)	woke up	woken, waked up
178. Watch (কোনো কাজ চলতে দেখা)	watched	watched
179. Welcome (স্বাগত জানানো)	welcomed	welcomed
180. Worry (দুশ্চিন্তা করা)	worried	worried

বেশ কিছু verb আছে, যার তিনটি form একই

Present (v1)	Past (v2)	Past Participle (v3)
181. Bid (নিলাম ডাকা)	bid	bid
182. Broadcast (সম্প্রচার করা)	broadcast	broadcast
183. Burst (বিস্ফোরণ ঘটা)	burst	burst
184. Cast (ভোট দেওয়া, নিক্ষেপ করা)	cast	cast
185. Cost (খরচ)	cost	cost
186. Cut (কর্তন করা)	cut	cut
187. Hit (লক্ষ্যভেদ করা)	hit	hit
188. Hurt (আঘাত দেওয়া)	hurt	hurt
189. Let (অনুমতি দেওয়া)	let	let
190. Put (রাখা)	put	put
191. Read (পড়া)	read	read
192. Rid (মুক্ত করা)	rid	rid
193. Set (স্থাপন করা)	set	set
194. Shed (ঝড়ানো)	shed	shed
195. Shut (বন্ধ করা)	shut	shut
196. Split (ভাগ করা)	split	split
197. Spread (ছড়ানো)	spread	spread

198. Telecast (সম্প্রচার করা)	telecast	telecast
199. Thrust (হস্তক্ষেপ করা)	thrust	thrust
200. Wet (ভিজে যাওয়া)	wet	wet

বিভ্রান্ত সৃষ্টিকারী Verbs:

একটি কথা মনে রাখা দরকার:

হাজার হাজার verb-এর ভেতর থেকে সবগুলো Verb-ই দ্বন্দ্ব সৃষ্টি করে না। যে সকল Verb-এর তিনটি Form বেশি বিভ্রান্ত সৃষ্টি করে সেগুলো নিচে দেওয়া হল:

Problem: 01

Present (v1)	Past (v2)	Past Participle (v3)
Lie (শয়ন করা)	lay	lain
Lie (মিথ্যা বলা)	lied	lied
Lay (ডিম পাড়া, রাখা)	laid	laid

Problem: 02

Hang (ঝুলানো)	hung	hung
Hang (ফাঁসি দেওয়া)	hanged	hanged

Problem: 03

Die (পরলোক গমন করা)	died	died
Dye (রং করা)	dyed	dyed

Problem: 04

Feel (অনুভব করা)	felt	felt
Fall (পতিত হওয়া)	fell	fallen
Fell (কেটে ফেলা, ভূপাতিত করা)	felled	felled
Fill (পূর্ণ করা	filled	filled

Problem: 05

Live (বাস করা)	lived	lived
Leave (ত্যাগ করা)	left	left

Problem: 06

Sow (বীজ বোনা	sowed	sowed/ sown
Show (দেখানো)	showed	shown
Sew (সেলাই করা)	sewed	sewed

Problem: 07

Bear (বহন করা)	bore	borne
Bear (প্রসব করা)	bore	born

✎ Problem: 08

Fly (উড়া)	flew	flown
Flow (প্রবাহিত করা)	flowed	flowed
Follow (অনুসরণ করা)	followed	followed

✎ Problem: 09

Stick (লেগে থাকা)	stuck	stuck
Strike (আঘাত করা)	struck	struck
Stroke (ধীরে ধীরে হাত বুলানো)	stroked	stroked

Sequence of Tense

Tense শেখার পর একটি বাক্যে tense এর পরিপূর্ণ প্রয়োগের ক্ষেত্রে আরেকটি বিষয় জানা আবশ্যক, সেটি হলো Sequence of Tense।

জেনে রাখা দরকার, sequence of tense এর ব্যবহার সেখানেই লক্ষণীয়, যেখানে দুটি বাক্য থাকবে। Principal clause এর verb দেখে sub-ordinate clause-এর verb পরিবর্তন বা tense পরিবর্তনকে sequence of tense বলে।

তাহলে, Sequence of Tense বিষয়টা হলো:

1. Sequence of tense মানেই দুইটি sentence বা দুইটি clause এর মধ্যে verb -এর সামঞ্জস্যতা
2. Principal clause চেনা বাধ্যতামূলক
3. Principal clause দেখেই পরবর্তী clause এর tense হবে

** Sequence of tense-এর আলোচনাটি ভালোভাবে বুঝতে চাইলে প্রথমেই clause সম্পর্কে ভালো ধারণা নিতে হবে। তাই, যদি clause সম্বন্ধে স্বচ্ছ ধারণা না থাকে, এই বইয়ের Clause Chapter-থেকে দেখে নিতে পারো।

Sequence of Tense এর প্রধান rule দুইটি:

Rule- 01: Principal clause যদি past tense (v2) হয়। তবে, sub-ordinate clause টিও past tense হবে।

For example:

We <u>noticed</u> that she <u>was</u> out of area. (আমরা লক্ষ্য করেছিলাম সে এলাকার বাহিরে ছিল।)

লক্ষণীয়, প্রথম অংশ principal clause টি past tense "noticed" হওয়ায়, দ্বিতীয় অংশ বা subordinate clause টি past tense -এ "was" হয়েছে।

আরো কিছু উদাহরণ:

He <u>said</u> that they <u>would come</u>. (তিনি বলেছিলেন যে তারা আসবে।)

We all realized that we had made a mistake. (আমরা সকলেই বুঝতে পেরেছিলাম যে আমরা একটি ভুল করেছি।)

They worked hard that they might succeed. (তারা কঠোর পরিশ্রম করেছিল যাতে তারা সফল হয়।)

I thought that the man was guilty. (আমি ভেবেছিলাম লোকটি দোষী।)

উপরে বাক্য গুলো দেখে অবশ্যই এটা বুঝতে পেরেছ, subordinate clause "past tense" এর যেকোনো tense -এ হতে পারে। অর্থাৎ, past tense এর past indefinite, past perfect, এমনকি প্রয়োজনবোধে যেকোনো modal verb কে past form-এ ব্যবহার করা যেতে পারে।

অজানা কথা:

1. Principal clause "past tense" হলেও subordinate clause টি present simple বা present indefinite হবে, যদি তা চিরন্তন সত্য বাক্য হয়।

যেমন:

Teacher said that honesty is the best policy. (শিক্ষক বলেছেন যে সততা সর্বোত্তম নীতি।)

He proved that ice floats on water. (তিনি প্রমাণ করলেন যে বরফ পানিতে ভাসে।)

Galileo maintained that the earth moves around the sun. (গ্যালিলিও বজায় রেখেছিলেন যে পৃথিবী সূর্যের চারদিকে ঘোরে।)

2. যখন subordinate clause "than" দ্বারা শুরু হয়, তখন principal clause "past tense" হলেও subordinate clause যে কোনো tense হতে পারে।

যেমন:

She cared me more than she loves her own children.
She cared me more than she loved her own children.
She cared me more than she will love her own children.

Rule- 02: Principal clause "present tense" অথবা "future tense" হলে, subordinate clause অর্থ বুঝে যে কোনো tense -এ হতে পারে।

For example:

John says that he was at the meeting. (জন বলেন যে তিনি সভায় ছিলেন।)

John says that he is at the meeting. (জন বলেন যে তিনি সভায় আছেন।)

John says that he will be at the meeting. (জন বলেন যে তিনি সভায় অংশ নেবেন।)

John will say that he was at the meeting. (জন বলবেন যে তিনি সভায় ছিলেন।)

John will say that he is at the meeting. (জন বলবেন যে তিনি সভায় আছেন।)

Subject-Verb Agreement

(subject এর সঙ্গে verb এর সম্পর্ক)

যে নিয়মের মাধ্যমে subject এর সঙ্গে verb এর সম্পর্ক নিরূপণ হয়, তাকে Subject-verb agreement বলে।

Subject-verb agreement এর মূল কথা:

Subject singular হলে verb হবে singular এবং subject plural হলে verb হবে plural, এটাই subject-verb agreement এর মূল কথা।

এখন জানা দরকার, কোন subject গুলো থাকলে verb হবে singular আর কোন subject গুলো থাকলে verb হবে plural। এই জন্য আমি সম্পূর্ণ আলোচনাকে দুইটি phase এ ভাগ করেছি।

প্রথম Phase (ধাপ)-এ subject singular ও verb singular হওয়ার শর্তসমূহ: এবং

দ্বিতীয় Phase (ধাপ)-এ subject plural ও verb plural হওয়ার শর্ত সমূহ:

☑ Phase-01 (subject singular + verb singular)

Rule-01: He, she, it, কোনো কিছুর নাম এগুলোর পর verb হয় singular।

For example:

i. It (is/are) called earthquake (ভূমিকম্প).
   Ans: is

ii. Dowry system (mean/means) taking money from bride's parents.
   Ans: means

অজানা কথা:

He এর পর যে verb গুলো বসে বা verb এর যে form গুলো বসে তাকে singular verb বলে। যেমন: he + is, he + has, he + was, he + means এই ভাবে তোমরা singular verb বের করতে পারবে।

Rule-02: And দ্বারা দুইটি subject যুক্ত হলে এবং তা যদি একটি অর্থ দেয় বা একটি অর্থকে ইঙ্গিত করে, তবে verb হবে singular।

For example:

i. Bread and butter (is/are) necessary for everyone. (Bread and butter = জীবিকা)
   Ans: is

ii. Time and tide (wait/waits) for none. (Time and tide দ্বারা মূলত সময়কে বোঝাচ্ছে)
   Ans: waits (তবে, "wait" এই উত্তরটিও হতে পারে প্রবাদ ভাবলে)

অজানা কথা:

"And" দ্বারা যুক্ত কিছু noun যারা মূলত একটি অর্থ দেয়: Bread and butter-জীবিকা, Time and tide-সময়, Horse and carriage ঘোড়ার গাড়ি *etc.*

Rule-03: And দ্বারা যুক্ত subject এ each ও every (determiner) থাকলে verb হবে singular।

For example:

i. Each boy and each girl (have/has) got their expected prizes.
   Ans: has
ii. Each boy and girl (is/are) happy to attend the picnic.
   Ans: is

Rule-04: One of/Each of/Either of/Neither of/None of/Any of এর পর noun টি হয় plural কিন্তু verb টি হয় singular।

For example:

i. One of my friends (is/are) performing on the stage.
   Ans: is
ii. Neither of the applicants (is/are) suitable for the post.
   Ans: is

Rule-05: একাধিক subject যদি নিচের শব্দ বা phrase গুলো দ্বারা যুক্ত হয়, তবে প্রথম subject অনুযায়ী verb হবে। Phrase গুলো মুখস্থ করে রাখো:

along with, together with, accompanied by, accompanied with, with, as well as, in addition to, including, not but *etc.* শব্দগুলো থাকলে প্রথম subject singular হলে, verb singular আর প্রথম subject plural হলে verb plural।

Shortcut:

১ম subject	+ উক্ত phrase +	২য় subject	=verb হবে ১ম subject অনুযায়ী

For example:

i. I with my parents (am/is/are) going to study tour.
   Ans: am
ii. Rita as well as her sisters (is/are) making a doll.
   Ans: is

অজানা কথা:

i. উক্ত phrase গুলোর বাংলা অর্থ- "সাথে"
ii. And মানে "এবং" As well as মানেও "এবং"। as well as না থেকে and থাকলে verb হবে plural।

Rule-06: কিছু collective noun এর পর verb singular হয়। সুতরাং, সেই collective noun গুলো মুখস্থ করে নেওয়া টাই বুদ্ধিমানের কাজ হবে। Collective noun সমূহ:

Narration

(উক্তি)

আমি নিশানকে বললাম, "আমি আজ অসুস্থ"। এই কথাটি ইংরেজিতে বললে-

I said to Nishan, "I am ill today."

আবার এই কথাকে এভাবেও বলা যেতে পারে-

I told Nishan that I was ill that day. অর্থাৎ, আমি নিশানকে বলেছিলাম যে, আমিই সেইদিন অসুস্থ ছিলাম।

বক্তার বক্তব্য হুবুহু/অবিকল তার নিজের ভাষায় inverted comma (" ") দিয়ে উল্লেখ করলে তাকে Direct speech বলে। [প্রথম বাক্যটি লক্ষ্যনীয়]

বক্তার বক্তব্যকে হুবুহু/অবিকল না বলে অর্থ অপরিবর্তিত রেখে নিজের মতো করে conjunction (that/wh.words/if/to *etc.*) ব্যবহার করে বলাকে Indirect speech বলে। [দ্বিতীয় বাক্যটি লক্ষ্যনীয়]

তাহলে, Narration যে দুই প্রকার তা বোঝা গেল।

Direct narration / Direct speech (প্রত্যক্ষ/সরাসরি উক্তি)

Indirect narration / Indirect speech (পরোক্ষ/অন্যের দ্বারা উক্তি)

For example:

Direct: He said me, "I am happy now."

Indirect: He told me that he was happy then.

Narration পরিবর্তনের শর্তসমূহ:

i. Reporting verb ও reported speech সম্বন্ধে জানা
ii. Person পরিবর্তন সম্বন্ধে জানা
iii. Subject-object-possessive এই তিনটি form মুখস্থ রাখা
iv. Tense পরিবর্তন এর নিয়ম সম্বন্ধে জানা
v. Adverbial phrase বা নিকটবর্তী শব্দ সমূহকে কীভাবে দূরবর্তী শব্দে পরিবর্তন করতে হয়, সেই সম্বন্ধে জানা

মনে রেখো, Narration topic টি অনেক সহজ এবং মজার মনে হবে, যদি উল্লেখিত ৫টি বিষয় ভালো ভাবে আয়ত্বে নিতে পারো। এবার উপরের বিষয় গুলো সম্বন্ধে বিস্তারিত জানা যাক:

Reporting verb কি?

কোনো ব্যক্তি যে verb দিয়ে বক্তব্য শুরু করে তাকে reporting verb (R.V) বলে। অন্যকথায়, Inverted comma এর বাহিরে যে verb থাকে, সেটাই reporting verb।

For example:

She <u>said</u> to me, "I was happy."

উল্লেখ্য, এই বাক্যের বক্তা "She", সে "said" বলে তার কথা শুরু করেছে। সুতরাং, "said" verb টি reporting verb।

আবার, অন্যভাবে লক্ষ্য করলে দেখা যায় inverted comma এর বাহিরে "said" ই একমাত্র verb। সুতরাং, সেই দিক থেকেও এই verb টি কে reporting verb বলা যেতে পারে।

অজানা কথা:

"said" এই verb টির জায়গায় পরবর্তীতে যে verb ই ব্যবহার করা হোক না কেন, তাকে reporting verb বলতে হবে। যেমন: told, asked, ordered, advised, wished, prayed, exclaimed, shouted, thanked *etc.* verb গুলোও reporting verb।

Reported speech কি?

Inverted comma এর ভেতরে যে বাক্যটি থাকে, তাকে reported speech বলে।

For example:

She said to me, "I was happy."

উল্লেখ্য, এই বাক্যটিতে "I was happy" অংশটুকুকে inverted comma দিয়ে ঘিরে দেয়া হয়েছে। সুতরাং, "I was happy" এই বাক্যটি বা অংশটি reported speech।

অজানা কথা:

Inverted comma দুই ধরনের:

i. British English-এ Single Inverted Comma কে গুরত্ব দেয়া হয়।
ii. American English-এ Double Inverted Comma কে গুরুত্ব দেয়া হয়।

Person পরিবর্তনের নিয়ম:

1st person (I) অনুসরন করবে reporting verb এর subject কে।
2nd person (You) অনুসরন করবে reporting verb এর object কে।
3rd person(He, she, it, name) কাউকে অনুসরন না করে সরাসরি বসে।

For example: (1st person পরিবর্তন)

Direct: He said to me, "I went to market."
Indirect: He told me that he had gone to market.

লক্ষ্যণীয়, reported speech এর subject, 1st person "I" অনুসরন করল reporting verb এর subject "he" কে। সেইজন্য, "I went -----" পরিবর্তন হয়ে "He had -----" হয়েছে।

For example: (2nd person পরিবর্তন)

Direct: He said to me, "You are honest."
Indirect: He told me that I was honest.

লক্ষ্যণীয়, reported speech এর subject, 2nd person "You" অনুসরন করল reporting verb এর object "me" কে। সেইজন্য, "You are -----" পরিবর্তন হয়ে "I was -----" হয়েছে।

For example: (3rd person পরিবর্তন)

Direct: She said to me, "He has done the work."

Indirect: She told me that he had done the work.

উল্লেখ্য, reported speech এর subject, 3rd person "He" হওয়ায়, নিয়ম অনুযায়ী পরিবর্তন হলো না। অর্থাৎ, He, she, it এবং কোনো নাম direct speech এ থাকলে indirect এ তাদের কোনো পরিবর্তন হয় না।

Subject এর তিনটি Form:

Subject-object-possessive এই তিনটি form মুখস্থ রাখতে হবে

Subject	Object	Possessive	Subject	Object	Possessive
I	me	my	We	us	our
You	you	your	They	them	their
He	him	his	She	her	her
It	it	its	Rahim	Rahim	Rahim's

ব্যবহার গুলো উদাহরণে দেখে নাও:

Direct: He said to me, "**I** was solving **my** problem with the help of **you**."

Indirect: He told me that **he** had been solving **his** problem with the help of **me**.

লক্ষ্যণীয়, প্রথম বাক্যে bold বা মোটা করে দেওয়া word গুলো দ্বিতীয় বাক্যে পরিবর্তন হয়েছে। উপরের table এ লক্ষ্য করলেই ব্যাপারটি clear হবে।

Tense পরিবর্তনের নিয়ম:

Direct Narration এ Tense	Indirect Narration এ Tense
1. Present Indefinite	Past Indefinite
2. Present Continuous	Past Continuous
3. Present Perfect	Past Perfect
4. Present Perfect Continuou	Past Perfect Continuous
5. Past Indefinite	Past Perfect
6. Past Continuous	Past Perfect Continuous
7. Past Perfect	Past Perfect
8. Future/Modal verb	Future in the past

অজানা কথা:

i. "Must" থাকলে সাধারণ অর্থে "had to"

ii. Must be + adjective থাকলে "Must have been + adjective" হবে।

[একটু পরে বাক্যে ব্যবহার দেখতে পাবে]

মনে রেখোঃ Tense এর ঘাটতি নিয়ে Narration শেখা যায় না। তাই, "Tense Chapter" থেকে ভালো ভাবে tense জেনে, তবেই Narration শুরু করা উচিৎ।

Adverbial Phrase/Demonstratives /নিকট বাচক শব্দের পরিবর্তনঃ

Direct-এ শব্দসমূহ	Indirect-এ শব্দসমূহ
1. This (এই)	That (ঐ)
2. These (এগুলো)	Those (ঐগুলো)
3. Hither (এখানে)	Thither (সেখানে)
4. Hence (এখানে)	Thence (সেখানে)
5. Here (এখানে)	There (সেখানে)
6. Ago (পূর্বে)	Before (পূর্বে)
7. Now (এখন)	Then (তখন)
8. Thus (এরূপ)	So/In this way (সেইভাবে/সেইরূপে)
9. Today (আজ)	That day (ঐদিন)
10. Tonight (আজ রাত)	That night (সেই রাত)
11. Yesterday (গতকাল)	The previous day / The day before (পূর্বের দিন)
12. Last night (গতরাত)	The previous night (পূর্বের রাত)
13. Last month (গতমাস)	The previous month / The month before (পূর্বের মাস)
14. Tomorrow (আগামীকাল)	The next day / The following day (সামনের দিন)
15. Next week/day (পরবর্তী সপ্তাহ/দিন)	The following week/day (পরের সপ্তাহ/দিন)
16. Next year (পরবর্তী বছর)	The following year (পরের বছর)

অজানা কথাঃ

1. Direct-এ "Come" থাকলে Indirect এ "Go" হয়।

যেমনঃ He said to me, " I have <u>come</u> here."

= He told me that he had <u>gone</u> there.

2. Direct-এ "Come in/back" থাকলে Indirect এ "Come in/back" ই বসে।

যেমনঃ He said to me, " May I <u>come in</u>?"

= He asked me if he could <u>come in</u>. [May=could, *for permission*]

3. Direct-এ "Bring" থাকলে Indirect এ "Take" হয়।

যেমনঃ He said to me, " <u>Bring</u> the money."

=He ordered/demanded me to <u>take</u> the money.

Advanced Level

ইংরেজি শেখার ইতি কথা

Clause & Its Details

What is clause?

Clause শব্দের অর্থ বাক্যাংশ (a part of a sentence)। যার ভেতরে একটি subject ও একটি finite verb থাকে তাকে clause বলে। অন্যকথায়, subject ও predicate যুক্ত অংশকে clause বলে।

অজানা কথা:

Predicate এর ভেতরে অবশ্যই একটি finite verb থাকে।

For example:

I know the lad who is inborn talented. (আমি বালকটিকে চিনি যে জন্মগত মেধাবী)

When you said "bye", I looked at you. (যখন তুমি "bye" বলেছিলে, আমি তোমার দিকে তাকিয়ে ছিলাম)

লক্ষ্যণীয়, উপরের দুইটি বাক্যতে দুইটি করে clause বা বাক্যাংশ আছে। প্রথম বাক্যটিতে "know" এবং "is" দুইটি finite verb। সুতরাং, "I know the lad" এবং "who is inborn talented" এই দুইটি clause এর শর্ত পূর্ণ করেছে।

দ্বিতীয় বাক্যে "said" এবং "looked" দুইটি finite verb। সুতরাং, "When you said *bye*" এবং "I looked at you" এই দুইটি clause এর শর্ত পূর্ণ করেছে।

Kinds of Clauses: মূলত clause তিন প্রকার:

1. Principal/Main clause
2. Co-ordinate clause
3. Sub-ordinate clause

Sub-ordinate clause আবার তিন প্রকার:

i. Noun clause
ii. Adjective clause
iii. Adverb clause

Principal/Main clause:

যে clause বা বাক্যাংশ নিজের অর্থের পরিপূর্ণতার জন্য অন্য কোনো clause এর উপর নির্ভরশীল নয়। অন্যকথায়, যে clause কে "a host in oneself-একাই একশো" বলা যায়।

For example:

We enjoyed the cricket match which was amazing. (আমরা ক্রিকেট খেলাটি উপভোগ করেছিলাম যেটা ছিল চমকপ্রদ)

লক্ষ্যণীয়,

We enjoyed the cricket match = আমরা ক্রিকেট খেলা উপভোগ করেছিলাম

অন্যদিকে, which was amazing = যা ছিল চমকপ্রদ

এবার ভেবে দেখ, উপরের কোন বাক্যটি পরিপূর্ণ অর্থ দিচ্ছে, অন্য বাক্যের সাহায্য ছাড়া।

নিঃসন্দেহে, "We enjoyed the cricket match" তাহলে এই বাক্যটি principal clause।

অন্যদিকে, "which was amazing" এই clause টি অন্য বাক্যের উপর নির্ভর করে পরিপূর্ণ হচ্ছে। এইজন্য, এই বাক্যটি sub-ordinate বা পরাধীন clause।

Co-ordinate clause:

দুইটি principal clause যখন co-ordinate conjunction (and, but, or *etc.*) দ্বারা যুক্ত হয় তখন তাকে co-ordinate clause বলে।

For example:

The student studied a lot <u>but</u> failed in last step. (ছাত্রটি অনেক পড়াশোনা করেছিল কিন্তু শেষ পর্যায়ে ব্যর্থ হয়েছিল)

Go ahead <u>or</u> face a new problem. (সামনে এগিয়ে চলো অথবা/নতুবা নতুন সমস্যার সম্মুখীন হও)

She is studious <u>and</u> sincere. (সে পড়ুয়া এবং আন্তরিক)

লক্ষ্যণীয়, উপরের তিনটি বাক্যতে "but, or, and" দুই পাশে দুইটি main clause কে যুক্ত করেছে। সুতরাং, উপরের তিনটি বাক্যকেই co-ordinate clause বলা যায়।

অজানা কথা:

i. Co-ordinate conjunction দ্বারা গঠিত sentence কে compound sentence বলে।

ii. Co-ordinate conjunction এর প্রথম বাক্য/clause এর subject ও verb দ্বিতীয় বাক্য/clause এর মত অনুরূপ হলে, দ্বিতীয় বাক্যটিতে উক্ত subject ও verb পুনরায় বসে না। যেমন: He is poor but honest.
আসলে sentence টি ছিল: He is poor but he is honest.

Sub-ordinate clause / Dependent clause

এর প্রকার সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা:

Noun clause:

Noun clause মূলত কিছু শব্দের সমষ্টি, যা বাক্যে noun এর অবস্থানে বসে noun এর শূন্যতা পূরণ করে। সুতরাং, noun clause ভালোভাবে বুঝতে হলে "position of noun বা noun এর অবস্থান" জানা জরুরী। সেইজন্য, সম্ভব হলে noun chapter থেকে "position of noun" অংশটি দেখে নাও।

Noun clause এর অবস্থান একটি বাক্যে ৪ জায়গায়:

1. Subject হিসেবে noun/noun clause বসবে।

Shortcut: <u>Clause</u> + verb + extension.

For example:

<u>What you say</u> is known to all. (তুমি যা বল তা সবার কাছে জানা)

That you have finished the work is not unknown to all. (তুমি যে কাজটি শেষ করেছ তা কারো কাছে অজানা নয়)

লক্ষ্যণীয়, উপরের দুইটি বাক্যতে "What you say" এবং "That you have finished the work" এই দুইটি clause বাক্যের শুরুতে subject হিসেবে বসেছে। সুতরাং, shortcut অনুযায়ী, প্রথমে বসা clause গুলো noun clause।

অজানা কথা:

i. Clause বাক্যের subject হলে verb হয় singular.
ii. Clause marker (What, How, That) দিয়ে শুরু হলে noun clause এ clause marker গুলোর অর্থ হয় "যা"।

2. Object হিসেবে noun/noun clause বসবে।

Shortcut:

i. Subject + transitive verb + clause
ii. Subject + transitive verb + ব্যক্তিবাচক object + clause (object হিসেবে)

Note: Transitive verb হলো সেই verb যার পরে object থাকে। জেনে রাখো, একটি বাক্যে transitive verb এর object দুইটিও হতে পারে।।

For example:

I know what you have said. (আমি জানি যা তুমি বলেছ)

He asked me whether I would help him. (সে আমাকে জিজ্ঞাস করেছিল আমি যদি তাকে সাহায্য করি)

লক্ষ্যণীয়, উপরের প্রথম বাক্যে "know" একটি transitive verb যার পরে "what you have said" object হিসেবে বসেছে। সুতরাং, shortcut অনুসারে শেষ clause টি অবশ্যই noun clause।

দ্বিতীয় বাক্যে, "asked" transitive verb যার object দুইটি। প্রথম object হলো "me" এবং দ্বিতীয় object এর স্থানে "whether I would help him" বসেছে। সুতরাং, shortcut (ii) অনুসারে শেষের clause টি অবশ্যই noun clause।

অজানা কথা:

একসাথে দুইটি object বসলে, প্রথমে বসে ব্যক্তিবাচক object + বিষয়/বস্তুবাচক object/clause।

3. Linking verb এর পর complement হিসেবে noun/noun clause বসবে।

Shortcut: Subject + be verb (linking verb) + clause

For example:

It is how we solve. (এটা হচ্ছে/হয় যেভাবে আমরা সমাধান করি)

The reason is why they are native. (কারণ যে তারা স্বদেশীয়)

লক্ষ্যণীয়, উপরের দুইটি বাক্যতেই linking verb "is" এর পরে "how we solve" এবং "why they are native" এই দুইটি clause বসেছে। সুতরাং, clause দুইটি complement আর complement এর position এ যা বসে সেটি noun clause। [Complement সম্বন্ধে পূর্ণ ধারণা পেতে "Complement" chapter টি দেখে নাও]

4. Preposition এর পর noun/noun clause বসবে।
Shortcut: ----- + preposition + clause
For example:
I am sure of who you are. (আমি নিশ্চিত তুমি যা)
I will depend on what you will announce. (তুমি যা ঘোষণা দেবে তাতে আমি নির্ভরশীল হবো)
লক্ষ্যণীয়, উপরের দুইটি বাক্যতে "of" ও "on" এই দুইটি preposition এর পর "who you are" এবং "what you will announce"এই দুইটি clause বসেছে। সুতরাং, clause দুইটি noun clause।

Adjective clause:
Adjective clause মূলত বাক্যে adjective এর শূন্যতা পূরণ করে। অর্থাৎ, একটি বাক্যে parts of speech হিসেবে adjective যে যে অবস্থানে বসে adjective clause ও সেই একই অবস্থানে বসে।

Adjective clause এর অবস্থান একটি বাক্যে দুই জায়গায়:

---

1. Noun এর post modifier হিসেবে adjective clause বসে।
Shortcut: Subject + verb + noun + clause
For example:
I lost my cellphone which was exclusive. (আমি আমার মুঠোফোনটি হারিয়েছিলাম যেটা ছিল দামী)
He tells a tale that sounds untrue. (সে একটি গল্প বলে যা শুনতে অসত্য মনে হয়)
লক্ষ্যণীয়, প্রথম বাক্যতে "my cellphone" noun, যার সম্পর্কে অতিরিক্ত তথ্য দিচ্ছে "which was exclusive"। সুতরাং, এই clause টি adjective clause।
দ্বিতীয় বাক্যে, "a tale" বাক্যের object বা noun, যার সম্বন্ধে অতিরিক্ত তথ্য দিচ্ছে "that sounds untrue"। সুতরাং, এই clause টিও অবশ্যই noun clause।
অজানা কথা:
Adjective clause অবশ্যই শুরু হবে relative pronoun (that, who, whom, whose, which, why, when) দ্বারা।
আরো কিছু উদাহরণ:
Rabbi has a friend whose sister lives in U.S.A.
I miss the day when mobile phone did not exist.
The man who is handsome is coming here.

2. Subject এর post modifier হিসেবে adjective clause বসে।
Shortcut: Subject + clause + verb + extension.

Redundancy

(গুরুচান্ডালী / বাহুল্যদোষ)

Redundancy মূলত English Grammar এ "Common Mistakes in English" এর আলোচ্য বিষয়। একটি বাক্যে একটি শব্দ/শব্দগুচ্ছের পুনরাবৃত্তিকে redundancy বলে।

কয়েকটি জানাশোনা redundancy দেখে নেওয়া যাক-

শিক্ষক অনেক সময় বলে থাকেন "Reading পড়"

শিক্ষার্থী পড়া বুঝতে না পারলে বলে "Repeat again, sir"

Cricket খেলার মাঠে শোনা যায় "বলটা catch ধরো"

পথচারীরা বলে থাকেন "গাড়িটি back side করুন"

একজন বন্ধু আরেকজনকে বলে থাকেন "তুই আমার টাকা return back দিবি"

এই জাতীয় অনেক কথাই প্রতিদিন আমরা বলে থাকি যা redundancy বা দ্বিরুক্তি সমস্যা।

একই অর্থ প্রকাশক কিছু word/phrase সমূহ:

যা ভুল (Redundancy Word)	যা বলতে হবে	যে কারণে ভুল
Join together	join অথবা together	একসাথে join together সমজাতীয় অর্থ প্রকাশ করে
Back side	শুধু back অথবা side	দুটি word এর অর্থ একই
The whole entire	whole অথবা entire	whole- সমগ্র, entire- সব/সমগ্র যা একই রকম অর্থ দেয়
Time period	time অথবা period	time এবং period সম অর্থ দেয়
Renew again	renew অথবা again	renew মানেই পুনরায় বা আবার নবায়ন করা। সুতরাং, again বলা যাবে না।
Almost nearly	almost অথবা nearly	almost এবং nearly সম অর্থ দেয়
Reason because	reason অথবা because	reason এর সাথে because হয় না
Cousin brother/sister	শুধু cousin	cousin অর্থ চাচাতো ভাই/বোন, তাই cousin brother বলার দরকার নেই
Advance forward	advance অথবা forward	advance অর্থ সামনের দিকে। সুতরাং, advance এর সাথে forward বলার দরকার নেই।
Sufficient enough	sufficient অথবা enough	sufficient এর সাথে কখনোই enough বসে না

New innovation	শুধু innovation	innovation মানেই নতুনত্ব, তাই new শব্দ ব্যবহার অনেকটা বাড়াবাড়ি
New discover	শুধু discover	discover মানেই নতুন কিছু আবিষ্কার
United together	শুধু united	united এর সাথে together হয় না
Dictionary book	শুধু dictionary	dictionary যেহেতু একটি বই তাই আলাদা করে book বলার কি দরকার আছে?
Lodging house	হয় lodging নতুবা house	lodging মানেই থাকার জায়গা সুতরাং, house বলার দরকার নেই
Final conclusion	হয় final নতুবা conclusion	conclusion মানেই শেষ কথা, এজন্য final conclusion হয় না
Return back	return নতুবা back	return মানেই ফেরৎ দেওয়া, যার সাথে back কথাটি বেমানান
Proceed forward	হয় proceed নতুবা forward	proceed মানেই সম্মুখপানে যার সাথে কখনোই forward ব্যবহার করা যায় না

কিছু verb এর সাথে কিছু preposition ব্যবহার করাও redundancy সমস্যার মধ্যে পড়ে। যেমন:

1. Incorrect: He is entering into the room.

Correct: He is entering the room. (enter + no preposition)

(সে রুমে প্রবেশ করছে)

Note: enter + into হতে পারে, যা দ্বারা চুক্তি (agreement, engagement) করা বোঝায়।

যেমন: Recently I have entered *into* an agreement.(সম্প্রতি আমি একটি চুক্তিতে চুক্তিবদ্ধ হয়েছি)

2. Incorrect: I will discuss about the matter.

Correct: I will discuss the matter. (discuss + no preposition)

(আমি বিষয়টি আলোচনা করব)

3. Incorrect: I will meet with you.

Correct: I will meet you. (meet + no preposition)

(আমি তোমার সাথে দেখা করবো)

Note: কোন বিশেষ ঘটনার মুখোমুখি বোঝাতে- "meet + with" বসে।

যেমন: The man *met with* prejudice.(মানুষটি কুসংস্কার এর মুখে পড়েছিল)

4. Incorrect: He ordered for a cup of tea.

Correct: He ordered a cup of tea. (order + no preposition)

(সে এক কাপ চা চেয়েছিল)

5. Incorrect: This is painted in green.

Correct: This is painted green. (paint + no preposition)

(এটা সবুজ রঙে আঁকা)

অজানা কথা:

i. Run on sentence মূলত sentence এর একটি problem / সমস্যার নাম।
ii. Run on sentence এ সর্বদাই দুইটি principal clause থাকবে।
iii. Punctuation marks এর ব্যবহার জানলে সহজেই run on sentence সম্পর্কে বোঝা যায়।

Common Mistakes in English

ইংরেজিতে এমন অনেক word/phrase আছে যেইগুলো লিখার সময় আমাদের ভেতরে confusion (দ্বন্দ্ব) তৈরী করে। আপাতত দৃষ্টিতে এই ধরনের ভুল গুলো চোখেই পড়েনা। ইংরেজির এই সমস্যাগুলোই মূলত Common Mistakes in English নামে পরিচিত। সাধারণত ইংরেজির যে বিষয়গুলো নিয়ে দ্বন্দ্বের সৃষ্টি হয়, সেইগুলো আলোচনা করা হলো:

Good Vs Well

যদিও দুইটি word এর অর্থ- ভালো, তবে grammatically কিছুটা ভিন্ন প্রয়োগ লক্ষ্য করা যায়। যেমন:

I am good = যা দ্বারা emotional state (আবেগের অবস্থা) বোঝায়।
I am well = যা দ্বারা health condition (স্বাস্থ্যগত অবস্থা) বোঝায়।

Table এর মাধ্যমে "Good" এবং "Well" এর তুলনামূলক পার্থক্য তুলে ধরা হলো:

Good	Well
Good শব্দটি adjective **Structure:** i. Be verb + good ii. Determiner+good+noun iii. Linking verb + good	Well শব্দটি adverb **Structure:** i. Transitive verb+object+well ii. Intransitive verb + well

Table অনুসারে "Good" এর example গুলো লক্ষ্য করো:

For example:

He is good. = লক্ষ্য করো, be verb + good
(সে ভালো)
He has a good plan. = লক্ষ্য করো, determiner + good + noun
(তার একটি দারুণ পরিকল্পনা আছে)
You seem good. = লক্ষ্য করো, "seem" একটি linking verb + good
(তোমাকে দেখে ভালো মনে হচ্ছে)

Table অনুসারে "Well" এর example গুলো লক্ষ্য করো:

For example:

You sang a song well. = লক্ষ্য করো, transitive verb "sing" এর object "a song" + এর পর "well" বসেছে।
(তুমি একটি গান ভালোভাবে গেয়েছিলে)

She dances well. = লক্ষ্য করো, Intransitive verb "dance" এর পর "well" বসেছে।
(সে ভালোভাবে নাচে)

ব্যতিক্রমধর্মী উদাহরণ:

This idea is well-known to all. (এই ধারণাটি সবার কাছে সুপরিচিত)

লক্ষ্যণীয়, উপরের বাক্যটিতে be verb এর পরে "well" বসেছে, যা structure পরিপন্থী। এর পেছনে কারণ হলো, "well-known" একটি hyphened adjective। তাই, এই বাক্যে "well" কে adverb না ভেবে adjective ভাবতে হবে।

And Vs As well as

"And এবং As well as" দুটি word/phrase এর অর্থ "এবং"। অর্থগত কোনো পার্থক্য না থাকলেও grammatically অনেক পার্থক্য আছে।

Table এর মাধ্যমে "And" এবং "As well as" এর তুলনামূলক পার্থক্য তুলে ধরা হলো:

And	As well as
i. And একটি conjunction	i. As well as একটি conjunction
ii. And দ্বারা একাধিক subject যুক্ত হলে verb হয় plural।	ii. As well as দ্বারা একাধিক subject যুক্ত হলে, প্রথম subject অনুযায়ী verb বসে।
iii. And যুক্ত subject এর পূর্বে "each/every" যুক্ত হয়ে verb হয় singular।	iii. As well as দ্বারা যুক্ত subject এ "each/every" বসানো যায় না।
iv. দুইটি noun যুক্ত করার ক্ষেত্রে "both---and" বসে।	iv. দুই এর অধিক noun যুক্ত করার ক্ষেত্রে "both---and---as well as" বসে।

Table অনুসারে "and" এর example গুলো লক্ষ্য করো:

For example:

Boy and girl are giving their best. ("and" দ্বারা যুক্ত হওয়ায় verb plural "are" হয়েছে)
(বালক এবং বালিকারা তাদের সর্বোচ্চ চেষ্টা করছে)

Each boy and girl is giving his/her best. ("each" থাকায় verb singular "is" হয়েছে)
(প্রত্যেক বালক এবং বালিকা তার সর্বোচ্চটাই করছে)

I like both tea and coffee. অথবা, I like tea, coffee and soup.
(আমি চা এবং কফি উভয়ই পছন্দ করি) (আমি চা,কফি এবং স্যুপ পছন্দ করি)

Table অনুসারে "as well as" এর example গুলো লক্ষ্য করো:

For example:

Rana as well as his friends is going to concert. ("as well as" দ্বারা যুক্ত subject এর প্রথম subject "Rana" অনুযায়ী verb "is" হয়েছে।
(রানা এবং তার বন্ধুরা কনসার্টে/সঙ্গীতানুষ্ঠানে যাচ্ছে)

Incorrect: Each boy as well as girl is going there.
Correct: Boy as well as girl is going there.
(বালক এবং বালিকা সেখানে যাচ্ছে)

লক্ষ্যণীয়, Table এর বর্ণনা অনুযায়ী "as well as" এর সাথে কখনোই "each/every" বসে না।

I like tea as well as coffee.

অথবা, I like both tea and coffee as well as vegetable-soup. (আমি চা কফি এবং সবজি-স্যুপ পছন্দ করি)

No Vs Not

দুইটি word এর ই অর্থ negative বা না বোধক "না"।

Table এর মাধ্যমে "No" এবং "Not" এর তুলনামূলক পার্থক্য তুলে ধরা হলো:

No	Not
i. No একটি adjective	i. Not একটি adverb
ii. No + noun/noun phrase বসে	ii. Be verb + not বসে
iii. "No" noun কে negative করে	iii. "Not" verb কে negative করে
iv. "No" এর পর determiner বসে না	iv. "Not" এরপর determiner "any/many/much/ enough" বসে

Table অনুসারে "No" এর example গুলো লক্ষ্য করো:

For example:

I have no time to meet you. (No + noun "time" বসেছে)
(তোমার সাথে দেখা করার আমার সময় নেই)

No friends are allowed here. (No + noun "friends" বসেছে)
(কোনো বন্ধুই এখানে অনুমতি প্রাপ্ত নয়)

I have no dilemma. (No + noun "dilemma" বসেছে)
(আমার কোনো উভয়সঙ্কট নেই)

Incorrect: I have no any problem. (No এর পর determiner "any" বসানোয় ভুল হয়েছে)
Correct: I have no problem. (আমার কোনো সমস্যা নেই)

Table অনুসারে "Not" এর example গুলো লক্ষ্য করো:

For example:

It is not performed properly. (Be verb "is" + not বসেছে)
(এটা ঠিকঠাকভাবে সম্পন্ন হয়নি)

They were not perfect at all. (Be verb "were" + not বসেছে)
(তারা আদৌ দক্ষ ছিলনা)

I am not a student. (Be verb "am" + not বসেছে)
(আমি একজন ছাত্র নই)

This is not the solution of present time. (not এর পর determiner "the" বসেছে)
(এটা বর্তমান সময়ের সমাধান নয়)

Incorrect: I do not have money.
Correct: I do not have much/enough money. (Not এর পর অর্থ অনুযায়ী determiner "much/enough" বসেছে)
(আমার যথেষ্ট/পর্যাপ্ত টাকা নেই)

Due to Vs Owing to

দুইটি phrase এরই অর্থ "জন্য"। কারণমূলক English বাক্যে এই দুইটি phrase ব্যবহার করা হয়। অর্থ এক হলেও grammatically যে ভিন্নতা আছে তা Table এর মাধ্যমে তুলে ধরা হলো:

Due to	Owing to
i. Due to অর্থ জন্য ii. Due to একটি adjective Structure: Be verb + due to -----	i. Owing to অর্থ জন্য ii. Owing to একটি preposition Structure: Main verb + owing to -----

Table অনুসারে "Due to" এর example গুলো লক্ষ্য করো:

For example:

I was absent in the meeting due to my illness. (আমার অসুস্থতার জন্য আমি সভায় অনুপস্থিত ছিলাম)

His failure was due to his inattentive study. (তার ব্যর্থতা ছিল পড়াতে অমনোযোগিতার জন্য)

লক্ষ্যণীয়, প্রথম ও দ্বিতীয় বাক্যে be verb "was" থাকায় পরবর্তীতে "জন্য" অর্থ প্রকাশে "due to" নেওয়া হয়েছে।

Table অনুসারে "Owing to" এর example গুলো লক্ষ্য করো:

For example:

The bridge was damaged owing to the recent earthquake. (সেতুটি সাম্প্রতিক সময়ের ভূমিকম্পের কারণে ক্ষতিগ্রস্থ হয়েছিল)

I am shocked owing to your misconduct. (তোমার অসদ আচরণে আমি ব্যথিত)

লক্ষ্যণীয়, প্রথম ও দ্বিতীয় বাক্যে main verb "damaged ও shocked" থাকায় "জন্য" অর্থ প্রকাশে "owing to" নেওয়া হয়েছে।

Many Vs Much

দুইটি শব্দের অর্থ "অনেক/বেশি" কিন্তু, বিশেষ কিছু noun এর বিবেচনায় এদের ব্যবহার কিছুটা ভিন্ন।

নিম্নে table এর মাধ্যমে "Many" এবং "Much" এর তুলনামূলক পার্থক্য তুলে ধরা হলো:

Many	Much
i. Many অর্থ "বেশি" যার সমর্থক শব্দ "a lot of"। ii. Many এর পূর্বে "too" বসিয়ে নতুন একটি phrase গঠিত হয় "too many"। যার অর্থ অনেক বেশি/বেশি সংখ্যক। Structure: Many + countable noun (plural) + verb (plural)	i. Much অর্থ "বেশি" যার সমর্থক শব্দও "a lot of"। ii. Much এর পূর্বে "too" বসিয়ে নতুন একটি phrase গঠিত হয় "too much"। যার অর্থ অনেক বেশি/অত্যাধিক পরিমাণ। Structure: Much + uncountable noun + verb (singular)

Table অনুসারে "Many" এর example গুলো লক্ষ্য করো:

For example:

You have many friends to say your sadness. (তোমার দুঃখের কথা বলার জন্য তোমার অনেক বন্ধু আছে)

Many friends are out of our program. (অনেক বন্ধুই আমাদের অনুষ্ঠানের বাহিরে)

There were too many students to face final round. (অনেক বেশি সংখ্যক ছাত্ররাই চূড়ান্ত পর্বে মোকাবেলা করার জন্য ছিল)

Once too many people were deprived of basic needs. (একদা অনেক সংখ্যক মানুষই মৌলিক অধিকার থেকে বঞ্চিত ছিল)

লক্ষ্যণীয়, উপরের বাক্যগুলোতে "many" এর পরের noun টি countable এবং plural হয়েছে। এবং "many" এর পরের verb টি plural হয়েছে।

Table অনুসারে "Much" এর example গুলো লক্ষ্য করো:

For example:

I have much time to talk to you. (তোমার সাথে আমার কথা বলার বেশ সময় আছে)

There is much water in the jug. (জগে অনেক পানি আছে)

The servant wasted too much water watering the plant. (ভৃত্য/সেবকটি/পরিচারকটি গাছে পানি দিতে অনেক বেশি পানির অপচয় করেছিল)

Too much courtesy brings doubt. (অনেক বেশি ভদ্রতা সন্দেহ নিয়ে আসে)

লক্ষ্যণীয়, উপরের বাক্যগুলোতে much এর পরের noun যথাক্রমে "time, water, courtesy" uncountable হয়েছে। আর শেষ বাক্যে "uncountable noun" subject অবস্থানে থাকায় verb (brings) singular হয়েছে।

অজানা কথা:

i. Uncountable noun সর্বদাই singular হিসেবে ধরা হয়।
ii. "Many/Much" কে determiner ও বলা হয়।
iii. "Many/Much" এর পর অবশ্যই একটি noun থাকবে, এইজন্য many/much কে অন্যকথায় modifier-ও বলা যায়।

Few Vs Little

দুইটি শব্দই uncountable noun এর পূর্বে বসলেও, অর্থগত এবং grammatically বেশ ভিন্নতা লক্ষ্য করা যায়। সঠিক ব্যবহার না জানার কারণেই শিক্ষার্থীরা প্রায়শই confusion বা দ্বন্দ্বের মধ্যে পড়ে যায়। আশা করছি আজকের পর "few" ও "little" নিয়ে আর কোনো দ্বন্দ্ব থাকবে না।

Few নিয়ে যত কথা:

i. "Few" এর অর্থ "নাই" যা একটি বাক্যকে সম্পূর্ণ রূপে negative অর্থ দেয়।
   Few এর ইংরেজি সমর্থক শব্দ হতে পারে (not many/hardly any)
ii. A few এর অর্থ "অল্প কয়েকটি" যা বাক্যে affirmative অর্থে ব্যবহৃত হয়।
   A few এর সমর্থক শব্দ হতে পারে (some)।
iii. The few এর অর্থ "কিছু কিন্তু সবগুলো" যা বাক্যে affirmative অর্থে ব্যবহৃত হয়।
   The few এর সমর্থক শব্দ হতে পারে (not many but all)।

Pair of Words

(একই জাতীয় শব্দ)

বানান ও উচ্চারণ কিছুটা একই রকম, তবে বাংলা অর্থ ভিন্ন। তাই, বাক্যে ব্যবহারের সময় নির্দিষ্ট কিছু নিয়ম মেনে, বাংলা বুঝে ব্যবহার করতে হয়, নতুবা ভুল হয়ে যায়।

একটি উদাহরণ দিয়ে বোঝা যাক, আসলে Pair of Words ভালোভাবে না জানলে, কি ধরনের সমস্যা হতে পারে।

ধরো তুমি বলতে চাচ্ছ-

"সবকিছু ঠিকঠাক" যার ইংরেজি "Everything is alright / all right.

তাহলে এবার ভেবে দেখো, তুমি কি "alright" নেবে নাকি "all right" নেবে।

আমার মনে হয়, ইতিমধ্যে তুমি "Confused" হয়ে গেছো / "দ্বিধান্বিত" হয়ে গেছো কোনটি নেওয়া দরকার?

সঠিক উত্তর: all right

কেননা, "all right" এর অর্থ "ঠিকঠাক"।

অন্যদিকে "alright" হলো informal use যা Spoken English -এ ব্যবহার হয়।

অজানা কথা:

"Pair of Words" এর অপর নাম- "Homonyms-হমোননস্", যার বাংলা অর্থ- সমোচ্চারিত শব্দসমূহ।

এখন, যে ধরনের শব্দ (Pair of Words) গুলো সাধারণত আমাদের জন্য সমস্যা সৃষ্টি করে। সেইগুলোকে "Problem" শিরোনামে উপস্থাপন করছি:

↳ Problem-01:

All right (adjective + noun) = ঠিকঠাক, ঠিক আছে

Alright = informal; এটি Spoken English-এ ব্যবহার হয়।

For example:

Everything you have said is all right.

Everything you have said is alright.

(তুমি যা বলেছ সব কিছুই ঠিক)

লক্ষণীয়, দুইটি বাক্যের বাংলা অর্থ একই দ্বিতীয় বাক্যটির ব্যবহার informal। এই ধরনের ব্যবহার শুধুমাত্র Spoken English এর ক্ষেত্রে বেশি প্রযোজ্য।

↳ Problem-02:

Access (noun) = প্রবেশাধিকার

Excess (adjective) = অতিরিক্ত, বাড়তি

For example:

The right of access of young children is reserved.

(ছোট শিশুদের প্রবেশ অধিকার সংরক্ষিত)

Earning excessive money brings unrest in people's lives.
(অতিরিক্ত টাকা উপার্জন মানুষের জীবনে অশান্তি নিয়ে আসে)

Problem-03:
Allusion (noun) = ইশারা / ধারণা
Illusion (noun) = মোহ / বিভ্রম
For example:
Old poetic allusions are still much more popular.
(পুরনো কাব্যিক ধারণাগুলো এখনো অনেক বেশি জনপ্রিয়)
You are living in an unknown illusion.
(তুমি এক অজানা মোহের মধ্যে বসবাস করছ)

Problem-04:
Affect (verb) = প্রভাবিত করা
Effect (noun) = প্রভাব
For example:
Illegally earned money affects the next generation.
(অবৈধ অর্জিত টাকা পরবর্তী প্রজন্মকে প্রভাবিত করে)
Modernity has some bad effects.
(আধুনিকতার কিছু খারাপ প্রভাব আছে)

Problem-05:
Accept (verb) = গ্রহণ করা
Except (preposition) = বাদে, ব্যতীত
For example:
If you want to pay money, I will accept.
(তুমি টাকা দিতে চাইলে আমি গ্রহণ করবো)
I will listen to all your words except not coming.
(আসবো না ব্যতীত তোমার সকল কথা শুনবো)

Problem-06:
Alive (adjective) = জীবিত
Live (adverb) = সরাসরি (সম্প্রচার)
Lively (adjective) = হাসিখুশি
For example:
The warrior finally returned alive.
(যোদ্ধা অবশেষে জীবিত ফিরে এসেছিল)
The cricket match between Bangladesh and India will be telecast live.
(বাংলাদেশ ও ভারতের মধ্যকার ক্রিকেট খেলাটি সরাসরি সম্প্রচার হবে)

For example:
Imaginary story is mostly based on falsehoods.
(কাল্পনিক কাহিনী বেশিরভাগই মিথ্যা বিষয়ের উপরে নির্মিত)
The story of the film/movie was imaginative but seemed real.
(ছবিটির কাহিনী কল্পনাপ্রবণ হলেও বাস্তব মনে হয়েছিল)

Problem-25:
Jealous (adjective) = ঈর্ষান্বিত / পরশ্রীকাতর
Zealous (adjective) = অতি উৎসাহী / প্রবল উদ্দীপনাপূর্ণ
For example:
You are really jealous. You can't accept the happiness of others.
(তুমি সত্যিই পরশ্রীকাতর। অন্যের সুখ মেনে নিতে পারো না)
You are very zealous person and this quality will make you great.
(তুমি একজন অতি উৎসাহী মানুষ তোমার এই গুণাবলী তোমাকে মহৎ করবে)
লক্ষণীয়, "Jealous" শব্দটি negative অর্থ ব্যবহার করা হয়, অন্যদিকে "Zealous" শব্দটি positive অর্থে ব্যবহার করা হয়।

The Same Word Used as Different Parts of Speech

(একই শব্দ যখন ভিন্ন Parts of Speech -এ পরিণত হয়)

৮ প্রকার Parts of Speech বাক্যে ব্যবহারের একটি সুনির্দিষ্ট নিয়ম আছে। সেই basic নিয়ম গুলো সবাই জানে। কিন্তু সমস্যা হলো, একটি pronoun অবস্থানভেদে noun হয়। আবার একটি noun অবস্থানভেদে pronoun হয়। এইভাবে আট প্রকারের parts of speech বিভিন্ন সময় বিভিন্ন parts of speech -এ রূপান্তরিত হয়।
Parts of speech -এর এই ভিন্নমাত্রিক ব্যবহারিক অংশে এই অধ্যায়ে আলোচনা হবে।
Noun, Pronoun, Adjective, Verb, Adverb এই পাঁচটি parts of speech এলোমেলোভাবে বেশি ব্যবহার হয়। এজন্য, এই পাঁচটি Parts of Speech প্রথমে আলোচনা করব, তার বাকিগুলো ।

☑ একটি sentence-এ যে সকল অবস্থানে noun বসে:
1. Subject word হিসেবে noun বসে:
For example:
Yesterday means going away one day. (গতকাল বলতে বোঝায় চলে যাওয়া একটি দিনকে)

লক্ষণীয়, "Yesterday" শব্দটি adverb কিন্তু এই বাক্যে যেহেতু subject অবস্থানে বসেছে, তাই এটি noun হলো। কেননা, যে word "subject" হতে চায় তাকে অবশ্যই noun করতে হয়।

2. Object word হিসেবে noun বসে:

For example:

He lost all. (সে সবকিছু হারিয়েছিল)

লক্ষণীয়, "all" শব্দটি transitive verb "lost" এর পরে object হিসেবে object অবস্থানে বসায়, শব্দটিকে noun ভাবা হলো।

3. Preposition -এর object হিসেবে noun বসে:

For example:

We are waiting for tomorrow. (আমরা আগামীকাল এর জন্য অপেক্ষা করছি)

লক্ষণীয়, "Tomorrow" শব্দটি adverb। তবে preposition "of" এর পরে বসায়, শব্দটি noun হয়েছে।

4. Determiners -এর এরপর noun বসে:

For example:

I like the next of all. (আমি সবার পরেরটি পছন্দ করি)

লক্ষণীয়, "next" মূলত preposition/adverb, তবে যেহেতু determiner "the" এর পরে বসেছে তাই শব্দটি noun হয়েছে।

আরো কিছু উদাহরণ:

Did you ever hear the like of it?
I consider it as a right.
He did his best.

☑ একটি sentence এ যে সকল অবস্থানে pronoun বসে:

1. বাক্যের subject অবস্থানে pronoun বসে

For example:

Such was his real condition. (এটাই ছিল তাঁর আসল অবস্থা)

লক্ষণীয়, "Such" শব্দটি বাক্যের subject অবস্থানে বসায়, শব্দটি pronoun।

আরো কিছু উদাহরণ:

All is well that God sends us.
More will be wanted.
Both of them are dead.

☑ একটি sentence এ যে সকল অবস্থানে adjective বসে:

1. Noun বা pronoun -এর পরে post modifier হিসেবে adjective বসে।

For example:
His house is near. (তার বাড়ি খুব কাছে)
লক্ষ্যণীয়, "near" একটি preposition, তবে এখানে "His house-তার বাড়ি" এর অবস্থান বোঝানো হচ্ছে। যা একটি বিশেষ গুনাবলী প্রকাশ করছে, এজন্য এটিকে post modifier/adjective ভাবা হলো।
আরো কিছু উদাহরণ:
They are much better.
It seems all.
Nothing was inappropriate.

2. Noun -এর পূর্বে pre-modifier হিসেবে adjective বসে।
For example:
I want a right decision. (আমি একটি সঠিক সিদ্ধান্ত)
আরো কিছু উদাহরণ:
The quick brown fox jumps over the lazy dogs.
His after life was miserable.
He is a near relation.

☑ একটি sentence এ যে সকল অবস্থানে verb বসে:
1. Assertive sentence -এ subject এর পরে:
For example:
A small child waters the tree. (একটি ছোট শিশু গাছে পানি দেয়)
2. Imperative sentence -এ শুরুতে
For example:
Water the tree. (গাছে পানি দাও)
3. Imperative sentence -এ "Let us" এর পরে:
For example:
Let us heal him. (চলো তাকে সুস্থ করি)
Let us even the ground.

☑ একটি sentence এ যে সকল অবস্থানে adverb বসে:
1. Intransitive verb এর পর:
For example:
They came all on a sudden. (তারা হঠাৎ করে এসেছিল)
I walked as fast as I could. (আমি যতটা সম্ভব হেঁটেছিলাম)

2. Adjective এর modifier হিসেবে adverb বসে:

For example:

They are only foolish. (তারা কেবল বোকা)

Is she any better? (সে কি আরও ভালো?)

3. Preposition দিয়ে বাক্য শেষ হলে preposition টির নাম হয় adverb:

For example:

I have not seen him since. (তার পরে থেকে তাকে দেখিনি)

What happened next? (এরপরে কী হলো?)

☑ একটি sentence এ যে সকল অবস্থানে preposition বসে:

1. পূর্বের শব্দের সাথে পরের শব্দের সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে মাঝখানে preposition বসে।

For example:

She takes **after** her mother. (সে দেখতে তার মায়ের মতো)

The earth revolves **round** the sun. (পৃথিবী সূর্যের চারদিকে ঘুরে)

মনে রাখতে হবে:

Preposition -এর পর অবশ্যই preposition -এর object হিসেবে noun অথবা pronoun থাকবে।

☑ একটি sentence -এ যে সকল অবস্থানে conjunction বসে:

1. দুইটি sentence এর মাঝে সম্পর্ক স্থাপন হিসেবে conjunction বসে।

For example:

I went to bed **after** I had completed my homework.

2. বাক্যের শুরুতেও conjunction বসতে পারে। তবে এক্ষেত্রে লক্ষ্য করতে হবে, প্রথম clause এর পর কমা থাকবে, তারপর দ্বিতীয় clause বসবে।

For example:

As you said, I did it. (যেহেতু তুমি বলেছিলে, আমি এটি করেছিলাম)

or, I did it as you said.

Note: Interjection এর এই "Irregular" ব্যবহার নেই বললেই চলে।

সবচেয়ে বেশি ব্যবহৃত কিছু শব্দ দেয়া হলো,

যেগুলো ব্যবহারের উপর ভিত্তি করে বিভিন্ন Parts of Speech -এ রূপান্তরিত হয়।

☑ ABOUT

Adverb: The poet wanders about in the blue sky.(নীল আকাশে ঘুরে বেড়ান কবি।)

Preposition: Don't say anything about it.(এটার ব্যাপারে কিছু বলো না।)